يا أيها النبي حرض المؤمنين على القتال

আত্-তাহরীদ

প্রস্তুতি সংখ্যা জুন ২০১২

জিহাদের লক্ষ্য উদ্দেশ্য
-জাষ্টিস আল্লামা তাকী উসমানী (দা.বা.)

জিহাদ সংক্রান্ত কিছু সংশয় নিরসন
-মুফতী সাঈদ আহমাদ পালনপুরী (দা.বা.)

জান দেবো, জান্নাত নেবো
-মাওলানা আবু তাহের মিসবাহ (দা.বা.)

খোরাসানের কালো পতাকাবাহী দল

আফগানিস্তান মার্কিনীদের মরণ ফাঁদ

শহীদ আব্দুল্লাহ আয্যাম রহ.
উনবিংশ শতাব্দীর জিহাদের মূল কাণ্ডারী

طاغوت

بسم الله الرحمن الرحيم

আত্ তাহরীদ

প্রস্তুতি সংখ্যা, জুন ২০১২

শুভেচ্ছা বিনিময়

৩০ (ত্রিশ) টাকা মাত্র

মেইল পাঠাবার ঠিকানা:

at.tahreed@hotmail.com

সূচীপত্র

সম্পাদকীয়..০২

দারসুল কুরআন......................................০৩

দারসুল হাদীস :

সাহায্য প্রাপ্ত দল......................................০৪

দারসুল আকাইদ:

ঈমান ভঙ্গের কারণসমূহ...........................০৬

-আবূ বকর সিদ্দিক

জিহাদের লক্ষ্য উদ্দেশ্য..............................১০

-মূলঃ জাস্টিস আল্লামা ত্বকী উসমানী (দা. বা.)। অনুবাদঃ নাসরুল্লাহ মানসূর

মুসলিমদের ভূমিকে প্রতিরক্ষা করা ঈমান আনার পর প্রথম ফরজ..............................১২

-মূলঃ আব্দুল্লাহ আয্যাম (রহ.)। অনুবাদক: আহমাদ খুবাইব

জিহাদ সংক্রান্ত কিছু সংশয় নিরসন.......১৫

-মুফতী সাঈদ আহমাদ পালনপুরী (হাফিজাহুল্লাহ)। -শাইখুল হাদীস ও মুফতী দারুল উলুম দেওবন্দ।

অনুবাদঃ আসেম ও নাসরুল্লাহ।

আন্তর্জাতিক জিহাদ : বিভিন্ন সংশয় নিরসন ১৮

উস্তাদ আহমাদ ফারুক (হাফিজাহুল্লাহ) -এর সাক্ষাৎকার। বিভাগীয় প্রধান: তানজিম আদ-দাওয়া, পাকিস্তান।

জান দেবো, জান্নাত নেবো..............২১

–মাওলানা আবু তাহের মিসবাহ

গনতন্ত্র এ যুগের সবচেয়ে বড় শিরক.....২২

-মূল ঃ শাইখ আবু বাসীর আত্ তারতুস।

অনুবাদ ঃ ইবরাহীম রশীদ

'বিজয়ের' স্বপ্নে পরাজিত তারুণ্য......২৪

-আবূ উমায়ের খান

উসামা বিন লাদেন (রহ.) এর একটি স্বপ্ন ও সুনানে আবু দাউদ...............................২৭

-নকী সীকান্দার

আমেরিকান মিডিয়া ও তাদের অন্ধ অনুসারী বিশ্ব......................................২৯

শহীদ আব্দুল্লাহ আয্যাম রহ.

উনবিংশ শতাব্দীর জিহাদের মূল কান্ডারী...৩০

ওহে আমেরিকান! ...এই হচ্ছে ওসামা!....৩২

-ওসামার (রহ.) সহযোদ্ধা

খোরাসানের কালো পতাকাবাহী দল...৩৭

-আশরাফ বিন আব্দুর রহমান।

মাজলুমের আর্তনাদ...............................৩৯

-রেদওয়ান মাহমূদ

মুসলমানদের নির্মূলে সার্বিক যুদ্ধের 'প্রস্তুতি' নিচ্ছে মার্কিন সেনারা...................................৪০

আফগানিস্তান মার্কিনীদের মরণ ফাঁদ.....৪১

–মাওলানা আসেম উমর (হাফিজাহুল্লাহ)

মুসলিম উম্মাহ্‌র বর্তমান অবস্থা ও আমাদের করণীয়......................................৪৩

-মুফতী এনায়েতুল্লাহ

মিশরে ছিলেন এক নেতা.........................৪৭

যারা পিছন পড়ে থাকে তাদের জন্য একটি উপদেশ.......................................৪৮

-ইবনে নুহ্‌হাস আদ দামেশকী (মৃত্যু ঃ ৮১৪)

হে মুসলিম! তোমার প্রতি বার্তা........৫২

-ময়দান থেকে একজন বীর মুজাহিদ (হাফিজাহুল্লাহ)

আত তাহরীদ মিডিয়ার পক্ষ থেকে মুসলিমদের প্রতি আহবান.........................৫৬

প্রিয় পাঠক!

কেমন দেখতে চান আমাদের আগামী পত্রিকা?

আপনার মতামত, পরামর্শ, মন্তব্য জানিয়ে আজই মেইল করুন আমাদের ঠিকানায়।

তাওহীদ, ঈমান, আকীদা, জিহাদ ইত্যাদি বিষয়ের উপর আপনার যে কোনো প্রামাণ্য লেখা পাঠিয়ে দিন আমাদের ঠিকানায়।

at.tahreed@hotmail.com

সম্পাদকীয়

আমরা বিশ্বাস করি, বহুদিন ধরে জুলম আর মিথ্যাচারের মাধ্যমে বাঙ্গালীর কাছ থেকে লুণ্ঠিত ইসলামী মূল্যবোধ জাগিয়ে তুলতে বাংলাভাষী কিছু সংখ্যক সত্য প্রচারকারীর সাহসী পদৰেপ এই ভীরব সমাজে আবারো জন্ম দিতে পারে তিতুমীরের (রহ.) মত অসংখ্য মুজাহিদের।

আমরা আলৱাহর কাছে তাওফীক চাই, যেনো হক্ব ও বাতিলের মধ্যে চলমান বিশ্বময় জিহাদে বাঙ্গালী জাতি মূল্যবান অংশগ্রহণে পিছপা না হয়।

তাই আলহামদুলিলৱাহ, আমরা নিজেদের ছা'পোষা জীবনের ইতি টেনে বেছে নিয়েছি জিহাদী জীবনকে। আর যারা সত্য শোনার প্রকৃত সাহস রাখে তাদের আশ্বাস দিচ্ছি, যদি তুমি সত্যিই সাহস রাখো সত্য শুনতে, পরিণতির কথা ভেবে আমরা কখনো দ্বিধা দেখাবো না তোমায় সত্য শুনাতে। আমরা দৰ কৃষকের মত হৃদয় চিরে স্বপ্নের বীজ বুনে যাবো। তোমার হৃদয়ের উর্বরতা পেলেই তা হয়ে যাবে বিশাল মহিরবহ।

জেনে রাখো ভাই!
ননীর পুতুল হয়ে থাকার দিন বহু আগেই শেষ হয়ে গেছে। তাই বাড়াও তোমার হাত, কে আছো জিহাদে উদ্বুদ্ধ হবে।

দারসুল কুরআন



يَا أَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ.

অর্থ: "হে নবী! আপনি মুমিনদেরকে কিতালের (যুদ্ধের)প্রতি উদ্বুদ্ধ করুন।" (সূরা আনফাল, আয়াত ৬৫)

অর্থাৎ আপনি তাদেরকে উৎসাহ প্রদান করুন কাফেরদের শত্রুতাকে প্রতিরোধ করা জন্যে এবং বাতিল মতবাদের উপর আল্লাহর কালিমা ও ন্যায় ও ইনসাফের কালিমাকে সমুন্নত করার জন্য। কারণ সেটা মানব জীবনের অপরিহার্য বিষয়।

এই জন্যেই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুমিনদেরকে কিতালের প্রতি উদ্বুদ্ধ করতেন। যখন মুশরিকেরা দলে দলে বদর প্রান্তরে উপস্থিত হচ্ছিল তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কিরামদের কিতালের উপর উদ্বুদ্ধ করছিলেন এবং তিনি বলছিলেন:

« قَالَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- قُومُوا إِلَى جَنَّةٍ عَرْضُهَا السَّمَوَاتُ وَالأَرْضُ قَالَ يَقُولُ عُمَيْرُ بْنُ الْحُمَامِ الأَنْصَارِىُّ يَا رَسُولَ اللَّهِ جَنَّةٌ عَرْضُهَا السَّمَوَاتُ وَالأَرْضُ قَالَ « نَعَمْ ». قَالَ بَخٍ بَخٍ. فَقَالَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- « مَا يَحْمِلُكَ عَلَى قَوْلِكَ بَخٍ بَخٍ ». قَالَ لاَ وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ إِلاَّ رَجَاءَةَ أَنْ أَكُونَ مِنْ أَهْلِهَا. قَالَ « فَإِنَّكَ مِنْ أَهْلِهَا ». فَأَخْرَجَ تَمَرَاتٍ مِنْ قَرْنِهِ فَجَعَلَ يَأْكُلُ مِنْهُنَّ ثُمَّ قَالَ لَئِنْ أَنَا حَيِيتُ حَتَّى آكُلَ تَمَرَاتِى هَذِهِ إِنَّهَا لَحَيَاةٌ طَوِيلَةٌ - قَالَ - فَرَمَى بِمَا كَانَ مَعَهُ مِنَ التَّمْرِ. ثُمَّ قَاتَلَهُمْ حَتَّى قُتِلَ

অর্থ: "তোমরা জান্নাতের দিকে অগ্রসর হও, যার প্রশস্ততা আসমান ও যমিনের প্রশস্ততার মত।

রাবী (বর্ণনাকারী) বলেন, উমাইর ইবনে হুমাম রাযি. জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসুল! জান্নাতের প্রশস্ততা কি আসমান ও যমিনের প্রশস্ততার ন্যায়? তিনি বললেন হ্যা।

উমাইর বলে উঠলেন, বাহ বাহ, কি চমৎকার!

তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, কিসে তোমাকে বাহ বাহ বলতে উদ্বুদ্ধ করল?

তিনি বললেন হে আল্লাহর রাসুল! আল্লাহর কসম! আমি তার অধিবাসী হওয়ার আশায়ই এরুপ বলেছি।

তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি নিশ্চয়ই তার অধিবাসী (হবে)।

রাবী বলেন, তারপরে তিনি তার সাথে থাকা থলি থেকে কয়েকটি খেজুর বের করলেন এবং খেতে লাগলেন। কিন্তু অল্প সময় পরই বললেন আমি যদি এই খেজুরগুলো খেয়ে শেষ করা পর্যন্ত বেঁচে থাকি, তবে অনেক দেরী হয়ে যাবে। রাবী বলেন, তারপর তিনি তার কাছে রক্ষিত খেজুরগুলো ছুঁড়ে ফেলে দিলেন, তারপর জিহাদ করতে করতে শহীদ হয়ে গেলেন।" (মুসলিম ৪৮০৯, তাফসীরে ইবনে কাসীর)

এলান

এ সংখ্যাটি প্রস্তুতিমূলক ও স্বল্প সময়ে প্রকাশিত হওয়ার কারণে শাইখ আব্দুল্লাহ আয্যাম (রহ.) ও অন্যান্য উলামাদের লেখা বিস্তারিত ভাবে দেয়া সম্ভব হল না ইনশাআল্লাহ আগামী সংখ্যা থেকে বিভিন্ন বিষয়ে, ইমাম ইবনে তাইমিয়্যাহ (রহ.), শাইখ আব্দুল্লাহ আয্যাম(রহ.), শাইখ উসামা বিন লাদেন (রহ.), ইমাম আনওয়ার আওলাকী (রহ.), শাইখ আইমান আল জাওয়াহিরী (হাফিজাহুল্লাহ), উস্তাদ আহমাদ ফারুক (হাফিজাহুল্লাহ), মাওলানা মাসউদ আযহার (হাফিজাহুল্লাহ), আল্লামা আবুল হাসান আলী নদভী (রহ.), আল্লামা তাকী উসমানী (দা.বা.), মুফতী সাঈদ আহমাদ পালনপুরী (দা.বা.), মুফতী আব্দুল মালেক (দা.বা.), মাওলানা আবু তাহের মিসবাহ (দা.বা.)সহ অন্যান্য বিশ্ব বরেণ্য উলামায়ে কেরামের লেখা থাকবে -ইনশাআল্লাহ।

এতএব সকল বিষয়ে পাঠকদের দো'য়া ও সার্বিক সহযোগীতা কামনা করছি।

দারসুল হাদীস



الطائفة المنصورة
সাহায্য প্রাপ্ত দল

طَائِفَةٌ مِنْ أُمَّتِي قَائِمَةً بِأَمْرِ اللَّهِ لاَ يَضُرُّهُمْ مَنْ خَذَلَهُمْ أَوْ خَالَفَهُمْ حَتَّى يَأْتِيَ أَمْرُ اللَّهِ وَهُمْ ظَاهِرُونَ عَلَى النَّاسِ ». صحيح مسلم

অর্থ: "আমর ইবনে হানি বলেন, আমি মুওয়াবিয়া (রা.) কে মিম্বারে উঠে বলতে শুনেছি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সর্বদাই আমার উম্মতের একটি দল আল্লাহর নির্দেশের উপর সংগঠিত থাকবে। তাঁদের নিন্দুকরা তাঁদের কোন ক্ষতি করতে পারবে না কিয়ামত আসা পর্যন্ত এবং তাঁরা মানুষদের উপর বিজয়ী থাকবে।" (সহীহ মুসলিম: ৫০৬৪)

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ – صلى الله عليه وسلم– « لاَ تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ عَلَى مَنْ نَاوَأَهُمْ حَتَّى يُقَاتِلَ آخِرُهُمُ الْمَسِيحَ الدَّجَّالَ ». سنن أبي داود

অর্থ: "ইমরান ইবনে হুসাইন (রা.) হতে বর্ণিত তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সর্বদাই আমার উম্মতের একটি দল হক্বের উপর থেকে লড়াই করবে এবং অন্যদের উপর বিজয়ী থাকবে। এমনকি সর্বশেষে দাজ্জালের বিরুদ্ধে তারা যুদ্ধ করবে।" (আবু দাউদ: ২৪৮৬)

عَنْ سَلَمَةَ بْنِ نُفَيْلٍ الْكِنْدِيِّ قَالَ: كُنْتُ جَالِسًا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ

অর্থ: "মুগীরা (রা.) বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, কিয়ামতের আগ পর্যন্ত, সর্বদাই আমার উম্মাতের একটি দল মানুষের উপর বিজয়ী থাকবে।" (সহীহ মুসলিম: ৫০৬০)

عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنِ النَّبِيِّ –صلى الله عليه وسلم– أَنَّهُ قَالَ « لَنْ يَبْرَحَ هَذَا الدِّينُ قَائِمًا يُقَاتِلُ عَلَيْهِ عِصَابَةٌ مِنَ الْمُسْلِمِينَ حَتَّى تَقُومَ السَّاعَةُ ».

অর্থ: "জাবির ইবনে সামুরা (রা.) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এই দ্বীন সর্বদাই প্রতিষ্ঠিত থাকবে এবং মুসলিমদের একটি দল কিয়ামত পর্যন্ত হক্বের পক্ষে লড়াই করবে।" (সহীহ মুসলিম: ৫০৬২)

جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ – صلى الله عليه وسلم– يَقُولُ « لاَ تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ ». صحيح مسلم

অর্থ: "জাবির ইবনে আব্দুল্লাহ (রা.) হতে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমার উম্মতের একটি দল সর্বদাই হক্বের পক্ষে লড়াই করবে এবং কিয়ামত পর্যন্ত তারা বিজয়ী থাকবে।" (মুসলিম: ৫০৬৩)

قَالَ مُعَاوِيَةَ عَلَى الْمِنْبَرِ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « لاَ تَزَالُ

عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا يَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي ظَاهِرِينَ حَتَّى يَأْتِيَهُمْ أَمْرُ اللَّهِ وَهُمْ ظَاهِرُونَ [صحيح البخاري]

অর্থ: "মুগীরা ইবনে শু'বা (রা.) হতে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমার উম্মতের একটি দল সর্বদাই বিজয়ী থাকবে কিয়ামত আসা পর্যন্ত। আর তাঁরা হবে বিজয়ী।" (বুখারী, হাদীস ৭৩১১)

عَنْ ثَوْبَانَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– « لاَ تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي ظَاهِرِينَ عَلَى الْحَقِّ لاَ يَضُرُّهُمْ مَنْ خَذَلَهُمْ حَتَّى يَأْتِيَ أَمْرُ اللَّهِ وَهُمْ كَذَلِكَ ». وَلَيْسَ فِي حَدِيثِ قُتَيْبَةَ « وَهُمْ كَذَلِكَ ». [صحيح مسلم]

অর্থ: "সাওবান (রা.) হতে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, সর্বদাই আমার উম্মতের একটি দল কিয়ামত পর্যন্ত হক্বের উপর বিজয়ী থাকবে। তাঁদের নিন্দুকরা তাঁদের কোন ক্ষতি করতে পারবে না।" (সহীহ মুসলিম: ৫০৫৯)

عَنِ الْمُغِيرَةِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « لَنْ يَزَالَ قَوْمٌ مِنْ أُمَّتِي ظَاهِرِينَ عَلَى النَّاسِ حَتَّى يَأْتِيَهُمْ أَمْرُ اللَّهِ وَهُمْ ظَاهِرُونَ ». صحيح مسلم

رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ أَذَالَ النَّاسُ الْخَيْلَ وَوَضَعُوا السِّلَاحَ وَقَالُوا لَا جِهَادَ قَدْ وَضَعَتْ الْحَرْبُ أَوْزَارَهَا فَأَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَجْهِهِ وَقَالَ كَذَبُوا الْآنَ الْآنَ جَاءَ الْقِتَالُ وَلَا يَزَالُ مِنْ أُمَّتِي أُمَّةٌ يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ وَيُزِيغُ اللَّهُ لَهُمْ قُلُوبَ أَقْوَامٍ وَيَرْزُقُهُمْ مِنْهُمْ حَتَّى تَقُومَ السَّاعَةُ وَحَتَّى يَأْتِيَ وَعْدُ اللَّهِ وَالْخَيْلُ مَعْقُودٌ فِي نَوَاصِيهَا الْخَيْرُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَهُوَ يُوحَى إِلَيَّ أَنِّي مَقْبُوضٌ غَيْرُ مُلَبَّثٍ وَأَنْتُمْ تَتْبَعُونِي أَفْنَادًا يَضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضٍ وَعُقْرُ دَارِ الْمُؤْمِنِينَ الشَّامُ (سنن النسائي كتاب الخيل)

অর্থ: "সালামা ইবনে নুফাইল আল কিন্দী (রা.) বলেন, আমি আল্লাহর রাসূলের পার্শ্বে বসা ছিলাম। এক ব্যক্তি রাসূলের কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল, মানুষ ঘোড়ার গুরুত্ব কম দিচ্ছে এবং অস্ত্র রেখে দিয়েছে। আর তারা বলে "জিহাদ নেই, যুদ্ধ বন্ধ হয়ে গেছে।" আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দিকে ফিরে বললেন, তারা মিথ্যা বলেছে। লড়াই তো সবেমাত্র শুরু হয়েছে। আমার উম্মতের একটি দল সর্বদাই হক্বের উপর থেকে লড়াই চালিয়ে যাবে। আল্লাহ তাদের জন্য কতগুলো সম্প্রদায়ের অন্তরকে বক্র করে দিবেন এবং কিয়ামত পর্যন্ত তাদের থেকে রিযিক দিবেন। এমনকি আল্লাহর ওয়াদা এসে যাবে। আর কিয়ামত পর্যন্ত ঘোড়ার কপালে কল্যাণ রয়েছে।" (সহীহ, সুনানে নাসায়ী: ৩৫৬৩)

عن معاوية بن قرة عن أبيه ، قال : قال رسول الله صلى الله عليه وسلم " لا تزال طائفة من أمتي منصورين لا يضرهم من خذلهم حتى تقوم الساعة "

অর্থ: "সর্বদাই আমার উম্মতের একটি দল সাহায্যপ্রাপ্ত থাকবে কিয়ামত পর্যন্ত তাঁদের নিন্দুকরা তাদের কোন ক্ষতি করতে পারবে না।" (সহীহ, ইবনে মাজাহ: ৬)

عن أبي هريرة ، أن رسول الله صلى الله عليه وسلم قال " لا تزال طائفة من أمتي قوامة على أمر الله لا يضرها من خالفها

অর্থ: "আবু হুরায়রা (রা.) হতে বর্ণিত রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সর্বদাই আমার উম্মতের একটি দল আল্লাহর নির্দেশের উপর প্রতিষ্ঠিত থাকবে। তাঁদের বিরোধীরা তাঁদের কোন ক্ষতি করতে পারবে না।" (সহীহ, ইবনে মাজাহ: ৭)

عن عمرو بن شعيب ، عن أبيه قال : قام معاوية خطيبا فقال : أين علماؤكم ؟ أين علماؤكم ؟ سمعت رسول الله صلى الله عليه وسلم يقول " لا تقوم الساعة إلا وطائفة من أمتي ظاهرون على الناس ، لا يبالون من خذلهم ولا من نصرهم "

অর্থ: "আমর ইবনে শু'য়াইব (রা.) তাঁর পিতা থেকে বর্ণনা করেন, মুয়াবিয়া (রা.) খুৎবার জন্য দাঁড়ালেন এবং তিনি বললেন, কোথায় তোমাদের উলামাগণ? কোথায় তোমাদের উলামাগণ? আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, আমার উম্মতের একটি দল কিয়ামত সংগঠিত না হওয়া পর্যন্ত মানুষদের উপর বিজয়ী থাকবে। তাঁরা পরওয়া করবে না কে তাঁদের নিন্দা করল এবং কে তাঁদের সাহায্য করল।" (ইবনে মাজাহ: ৯)

উপরোক্ত হাদীসগুলো থেকে পরিষ্কারভাবে 'আত তায়েফাতুল মানসুরাহ'র একটি বিশেষ পরিচয় পাওয়া গেল। আর তা হচ্ছে, তারা কিতাল করবে, যুদ্ধ করবে এবং এরাই শেষ পর্যন্ত ঈসা (আ:) এর সঙ্গে মিলিত হয়ে দাজ্জালকে হত্যা করবে। সুতরাং যারা আল্লাহর রাস্তায় কাফের-মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করে না বা যুদ্ধ করার কোন পরিকল্পনাও নেই তারা নাজাতপ্রাপ্ত বা মুক্তিপ্রাপ্ত দল হলেও 'আত তায়েফাতুল মানসুরাহ' বা সাহায্যপ্রাপ্ত দল হতে পারে না।

বর্তমানে যারা নিজেদেরকে 'আত তায়েফাতুল মানসুরাহ'র অনুসারী হিসেবে দাবী করে অথচ জিহাদের নাম শুনলে তাদের চেহারা মলিন হয়ে যায়, কপালে ভাঁজ পরে যায়, রাগে-ক্ষোভে দাঁত কড়মড় করে, হৃদপিন্ডের স্পন্দন বেড়ে যায় তাদের জানা উচিৎ যে, ঈসা (আ:) যুদ্ধ করবেন, ইমাম মাহদীও যুদ্ধ করবেন।

সুতরাং যারা কোন পরাশক্তির চোখ রাঙ্গানী আর অস্ত্রের ঝনঝনানীর তোয়াক্কা না করে যুদ্ধ চালিয়ে যাচ্ছেন তারাই ইমাম মাহদীর সঙ্গে এবং ঈসা (আ:) এর সঙ্গে মিলিত হবেন এবং দাজ্জালের বিরুদ্ধে যুদ্ধ করবেন। আর যারা বর্তমানে জিহাদের বিরোধিতা করছে, জিহাদের অপব্যাখ্যা করছে, মুজাহিদীনদের সমালোচনা করছে এবং তাদেরকে সন্ত্রাসী ও জঙ্গিবাদী বলে আখ্যায়িত করছে। যারা ইয়াহুদী-খৃষ্টান, হিন্দু-বৌদ্ধ, নাস্তিক-মুরতাদ ও ধর্মনিরপেক্ষতাবাদীদের খুশি করার জন্য নফসের জিহাদ, কলমের জিহাদ ও কথার জিহাদ ইত্যাদির দ্বারা অপব্যাখ্যা করছে তারা অচিরেই দাজ্জালের বাহিনীর সঙ্গে মিলিত হয়ে মুজাহিদীনদের বিরুদ্ধে নানারকম ফতওয়া দিবে আর দাজ্জালকে সমর্থন যোগাবে।

সুতরাং বিভ্রান্তির বেড়াজাল ছিন্ন করে জিহাদ ও কিতালের পথে চলে আসুন। 'আত তায়েফাতুল মানসুরাহ'র এর সদস্য হোন। শাহাদাতের তামান্নায় এগিয়ে যান নবী-রাসূলগণের আলোক উজ্জ্বল দীপ্ত রাজপথের দিকে।

সুখবর! সুখবর! সুখবর

শীঘ্রই আসছে বাংলা ভাষায় অনুদিত মহান শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. এর সুযোগ্য ছাত্র শাইখ আবদুল মুনঈম মুস্তফা হালিম (আবু বাসীর আত তারতুসী) রচিত:

هذه عقيدتنا وهذا الذي ندعوا اليه

"এটাই আমাদের আক্বীদা এবং এর দিকেই আমরা আহবান করি।"

নামক এক গুরুত্বপূর্ণ কিতাব।

আগ্রহী পাঠকদের কিতাব গুলো পড়ে দেখার অনুরোধ রইল।

দারসুল আকাইদ

نواقض الإيمان

ঈমান ভঙ্গের কারণসমূহ

-আবু বকর সিদ্দীক

ঈমান অর্থ বিশ্বাস। আর এই ঈমানই আমাদের মূল জিনিস কারণ ঈমান ছাড়া কোন ইবাদাতই আল্লাহর কাছে গ্রহণযোগ্য না। সূরা আসরের প্রথম আয়াতে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সকল মানুষকেই প্রথমে ক্ষতিগ্রস্থ বলেছেন। কিন্তু পরের আয়াতেই ৪টি গুণ সম্পন্ন মানুষদেরকে এই ক্ষতির বাইরে রেখেছেন। আর এই ৪টি গুণের প্রথমটিই হচ্ছে ঈমান।

আর ناقض বা বিনষ্টকারী বলতে এমন কিছুকে বুঝায়, যার অস্তিত্বের কারণে অন্য কোনো জিনিস বিনষ্ট বা বাতিল হয়ে যায়। এ কথা অবশ্যই জেনে রাখা প্রয়োজন যে, সালাত বিনষ্ট বা বাতিল হওয়ার যেমন কিছু কারণ ও বিষয় আছে, ঠিক তেমনিভাবে ঈমান বিনষ্টকারী কিছু কারণ ও বিষয় আছে। যদি কোন মুসলিম ব্যক্তি সালাতরত (নামাজরত) অবস্থায় সালাত বিনষ্টকারী বিষয়গুলোর যে কোনো একটি, যেমন সালাতের মধ্যে শব্দ করে হাঁসলে, কিছু খেলে অথবা কিছু পান করলে তার সালাত যেমন বাতিল হয়ে যাবে, ঠিক তেমনি ঈমান বিনষ্টকারী কিছু বিষয় আছে, যার মধ্যে বান্দা পতিত হলে তার ঈমান বিনষ্ট হয়ে যাবে। ফলে সে কাফের-মুশরিক হিসেবে গণ্য হবে।

ঈমান বিনষ্টকারী বেশ কিছু কারণ আছে। ইমাম ইবনুল কাইউম রহ. ও ইমাম ইবনে তাইমিয়া রহ.সহ অন্যান্য বিদ্বান উলামাগণ এরকম ১০ টি কারণের কথা উল্লেখ করেছেন। যদিও কারণগুলো ১০ এর ভিতর সীমাবদ্ধ নয়। আরও বেশ কিছু ঈমান ভঙ্গের কারণ আছে। আমরা এই প্রবন্ধে প্রধান প্রধান ১২ টি ঈমান বিনষ্টকারী বিষয় নিয়ে সংক্ষিপ্ত আলোচনা পেশ করতে যাচ্ছি।

ঈমান বিনষ্টকারী প্রধান বারটি বিষয় নিম্নে দেয়া হলো :

১। আল্লাহর সাথে শরীক করা: আল্লাহ তা'আলা স্বয়ং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উদ্দেশ্য করে বলেন :

لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ

অর্থ: "নিশ্চয়ই তুমি যদি আল্লাহর সাথে শরীক কর, তোমার সকল আমল নিস্ফল হয়ে যাবে এবং অবশ্যই তুমি হবে ক্ষতিগ্রস্থ।" [সূরা যুমার: ৬৫]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন শিরক করলে ছাড় পেতেন না, তখন তাঁর উম্মাত শিরক করলে ছাড় পাবার কোন সম্ভবনাই আর থাকল না। এই শিরক এমন এক গুনাহ, যার থেকে মৃত্যুর আলামত প্রকাশ পাবার আগে তওবা করে যেতে না পারলে চিরকাল জাহান্নামে থাকতে হবে। আল্লাহ আরও বলেন:

إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ

অর্থ: "কেউ আল্লাহর সাথে শিরক করলে আল্লাহ তার জন্য জান্নাত অবশ্যই হারাম করবেন এবং তার আবাস হবে জাহান্নাম।" [সূরা মায়েদা:৭২]

আল্লাহ ব্যতীত অন্যের নিকট প্রার্থনা করা, সাহায্য চাওয়া, কাউকে ভয় করা, অন্যের উপর ভরসা করা, অন্যের উদ্দেশ্যে মানত-মানসা করা, অন্যকে উপকার ও অপকারের মালিক মনে করা, আল্লাহর যেমন ক্ষমতা, অন্য কারো এরূপ ক্ষমতা রয়েছে বিশ্বাস করা, আল্লাহ ছাড়া অন্য কারো নামে যবাহ করা, মাজারে সিজদাহ করা, আল্লাহ ছাড়া অন্যকে আইন বিধানদাতা মানা, মানব রচিত আইনের কাছে বিচার ফয়সালা চাওয়া ইত্যাদি সবই শিরক; যা একজনকে ইসলাম থেকে বের করে দেয়।

২। আল্লাহ এবং বান্দার মাঝখানে এমন মাধ্যম বানানো যার কাছে বান্দা সুপারিশ কামনা করে এবং তার ওপর তাওয়াক্কুল করে: মহান আল্লাহ বলেন:

وَيَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُولُونَ هَؤُلَاءِ شُفَعَاؤُنَا عِنْدَ اللَّهِ قُلْ أَتُنَبِّئُونَ اللَّهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ

অর্থ: "তারা আল্লাহকে ছেড়ে এমন অন্যদের ইবাদত করে, যারা না পারে তাদের ক্ষতি করতে আর না পারে কোন ভাল করতে। তারা বলে, এরা আল্লাহর কাছে আমাদের সুপারিশকারী। বল (হে মুহাম্মাদ)! তোমরা কি আল্লাহকে আসমান ও জমিনের মধ্যকার ঐ জিনিসের ব্যাপারে সংবাদ দিতে চাও, যা তিনি জানেন না। তারা যে সমস্ত শিরক করছে আল্লাহ পাক এর থেকে পবিত্র ও উচ্চ।" [সূরা ইউনুস:১৮]

এটা হচ্ছে আউলিয়া এবং নেককার লোকদের কবরে যারা যায়, তাদের অধিকাংশের অবস্থা। তারা সেখানে গিয়ে কবরবাসীকে উদ্দেশ্য করে বিভিন্ন ইবাদতে লিপ্ত হয়। কবরবাসী আল্লাহর কাছে সুপারিশ করতে পারবে এ বিশ্বাসে তাদের কাছে দোয়া করে। তাদের উদ্দেশ্যে মানত করে। পশু যবাই করে। তাদের কাছে সাহায্য কামনা করে এবং কবরের চারপাশে প্রদক্ষিণ করে। এসব কাজ কুফর ও শিরক যা কিনা ঈমান ভঙ্গের কারণ।

মক্কার কাফিররা নবী-রাসূল ও ওলী-আউলিয়াদের আল্লাহর নৈকট্য লাভের মাধ্যম মনে করে তাদের মূর্তি বানিয়ে তাদের পূঁজা করত। আর তারা বলত:

مَا نَعْبُدُهُمْ إِلَّا لِيُقَرِّبُونَا إِلَى اللَّهِ زُلْفَى

অর্থ: "আমরা তাদের ইবাদত এ জন্যেই করি, যেন তারা আমাদেরকে আল্লাহ্‌র নিকটবর্তী করে দেয়।" [সূরা যুমার:৩]

আর এদের সম্পর্কেই আল্লাহ তাআলা বলেন:

إِنَّ اللَّهَ لَا يَهْدِي مَنْ هُوَ كَاذِبٌ كَفَّارٌ

অর্থ: "নিশ্চয়ই আল্লাহ হেদাআত করেন না তাকে যে মিথ্যাবাদী কট্টর কাফের।" [সূরা যুমার: ৩]

এই আয়াতে আল্লাহ তাদের শুধু কাফির না, কট্টরপন্থী কাফির বলেছেন। অথচ তারা আল্লাহকে বিশ্বাস করে। তারা আল্লাহকে বাদ দিয়ে যাদের আনুগত্য করে, শুধুমাত্র এই জন্যই করে যাতে তারা আল্লাহর নিকটবর্তী হতে পারে। কিন্তু এই কারণেই তারা আল্লাহর নিকটবর্তী না হয়ে বরং মুশরিক ও কট্টরপন্থী কাফিরে পরিণত হয়। আমাদের মনে রাখতে হবে, রাসূলগণ আল্লাহ ও বান্দাদের মধ্যে মাধ্যম বটে, কিন্তু এর অর্থ শুধু সংবাদ পৌঁছানোর মাধ্যম।

৩। মুশরিকদেরকে কাফির মনে না করা অথবা তাদের কুফরীর ব্যাপারে সন্দেহ পোষণ করা অথবা তাদের কুফরী মতবাদকে সঠিক মনে করা:

মহান আল্লাহ বলেন:

إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ

অর্থ: "নিশ্চয়ই আল্লাহর কাছে একমাত্র মনোনীত দ্বীন হলো ইসলাম।" [আল ইমরান:১৯]

অন্যত্র তিনি বলেন,

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ

অর্থ: "কেউ যদি ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন চায়, তা কখনো গ্রহণযোগ্য হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।" [সূরা আলে ইমরান:৮৫]

এখানে সন্দেহ দ্বারা বুঝানো হচ্ছে যে, মুসলিম উম্মাহ যার কাফের হওয়ার ব্যাপারে ঐক্যমত পোষণ করে; তার কুফরীর ব্যাপারে কোনো মুসলিমের সন্দেহ পোষণ করা।

যেমন ইহুদী, নাসারা, মাজুসি (অগ্নি পূজারি), বৌদ্ধ, জৈন, মূর্তি পূজারী হিন্দু, পৌত্তলিকদের শিরক ও কুফরীর ব্যাপারে মুসলিম উম্মাহর কোনো দ্বিমত নেই। তাই কোনো মুসলমান এ ব্যাপারে দ্বিমত পোষণ করতে পারবে না। করলে সেও ইজমার দলীল দ্বারা কুফরী মতবাদে বিশ্বাসীদের অন্তর্ভুক্ত হবে।

এ দৃষ্টিকোন থেকে জাহেলি যুগের মুশরিক যারা নিজেদের মুশরিক হওয়ার ব্যাপারে নিজেরাই স্বাক্ষ্য প্রদান করেছিলো, আর বর্তমান যুগের মুশরিক যারা ইসলাম ও ঈমানের দাবী করে অথচ আল্লাহর সাথে সংশ্লিষ্ট হককে গাইরুল্লাহর উদ্দেশ্যে নিবেদন করে, এই দুই ধরণের মুশরিকদের মধ্যে কোনো পার্থক্য নেই। আল্লাহ বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْمُشْرِكُونَ نَجَسٌ

অর্থ: "হে ঈমানদারগণ নিশ্চয়ই মুশরিকরা অপবিত্র।" [সূরা তওবা: ২৮]

আজকাল অনেক নামধারী মুসলিমদের দেখা যায়, ইসলামের পাশাপাশি বিধর্মীদের ধর্মবিশ্বাসকেও সঠিক মনে করে থাকে আর বলে, যে যে ধর্মে আছে সে সে ধর্মে থেকে জান্নাতে যেতে পারবে। এই আকীদাহ রাখা মাত্রই একজন মুসলিম দাবীদার কাফিরে পরিণত হয়ে যাবে। নেতা-নেত্রীদের অনেককেই দেখা যায় ভিন্ন ভিন্ন ধর্মের ধর্মীয় সমাবেশে গিয়ে বিধর্মীদের আকীদার সাথে একাত্মতা প্রকাশ করে বক্তব্য দিয়ে থাকে। এদের উদ্দেশ্যে বলতে চাই; পায়ুপথ থেকে বায়ু বের হওয়ার সাথে সাথে যেমন অজু ভেঙ্গে যায়, ঠিক তেমনি এইরূপ কুফরী আকীদা প্রকাশ করার সাথে সাথে ঈমান ভেঙ্গে যায়।

৪। রাসূল সা. এর দ্বীন, অথবা (পুণ্য কাজের) সওয়াব অথবা (পাপের জন্য) শাস্তি এবং দ্বীনের যে কোনো বিষয়ে রং-তামাশা, বিদ্রুপ করা :

আল্লাহ তায়ালা বলেন:

وَلَئِنْ سَأَلْتَهُمْ لَيَقُولُنَّ إِنَّمَا كُنَّا نَخُوضُ وَنَلْعَبُ قُلْ أَبِاللَّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنْتُمْ تَسْتَهْزِئُونَ. لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُمْ بَعْدَ إِيمَانِكُمْ

অর্থ: "আর যদি তুমি তাদেরকে প্রশ্ন কর, অবশ্যই তারা বলবে, আমরা আলাপচারিতা ও খেল-তামাশা করছিলাম। বল! তোমরা কি আল্লাহ, তাঁর আয়াত ও তাঁর রাসূলের সাথে বিদ্রুপ করছিলে? তোমরা কোন ওজর পেশ করো না। নিশ্চয় ঈমানের পর তোমরা কুফরি করেছ।" [সূরা তাওবা: ৬৫-৬৬]

আমাদের দেশসহ বিভিন্ন দেশে অনেক নাট্যানুষ্ঠানে ও সিনেমায় খারাপ চরিত্রের অভিনয়ের জন্যে দাঁড়ি, টুপি ও ইসলামী পোষাককে প্রতীক হিসাবে ব্যবহার করা হয়। আল-কুরআনের কোন শব্দ বা আয়াত, কোন ঘটনা প্রসঙ্গে বিশেষ কোনো নবীর নাম, কেউ কেউ এমন বিকৃতভাবে উচ্চারণ করেন যাতে বিদ্রুপ বুঝা যায়। এ ধরনের বিদ্রুপ উদ্দেশ্যমূলক হোক বা হাসি ঠাট্টামূলক হোক, সবই কুফুরী। আবার মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ব্যাঙ্গ কার্টুন প্রতিযোগিতা করা হয়। যা শুধু ঈমান ধ্বংসের কারণই নয় বরং এই কাজের কারণে তাদেরকে হত্যা করা ওয়াজিব হয়ে যায়।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অপমানকারীরা, ব্যাঙ্গকারীরা, বিদ্রুপকারীরা অতীতেও তওবা ও ক্ষমার সুযোগ পায়নি, আজও পাবে না ইনশাআল্লাহ।

আউস গোত্রের সাহাবী কর্তৃক কাব বিন আশরাফকে হত্যা, খাযরায গোত্রের সাহাবী কর্তৃক আবু রাফেকে হত্যা, কাবা ঘরের গিলাফ ধরে থাকা ইবনে খতালকে হত্যা এবং যে সকল মহিলা আল্লাহর রাসূলকে নিয়ে খারাপ কবিতা পড়েছিল তারা দাসী এবং মহিলা হওয়া সত্ত্বেও তাদেরকে ক্ষমা না করে হত্যা করার ঘটনাগুলো কিয়ামত পর্যন্ত আমাদের জন্য দলিল হয়ে থাকবে।

অপর আয়াতে আল্লাহ বলেন:

وَقَدْ نَزَّلَ عَلَيْكُمْ فِي الْكِتَابِ أَنْ إِذَا سَمِعْتُمْ آيَاتِ اللَّهِ يُكْفَرُ بِهَا وَيُسْتَهْزَأُ بِهَا فَلَا تَقْعُدُوا مَعَهُمْ حَتَّى يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ إِنَّكُمْ إِذًا مِثْلُهُمْ إِنَّ اللَّهَ جَامِعُ الْمُنَافِقِينَ وَالْكَافِرِينَ فِي جَهَنَّمَ جَمِيعًا.

"আল্লাহ এই কিতাবের মাধ্যমে তোমাদের উপর আদেশ করছেন যে, যখন তোমরা শুনবে আল্লাহর কোন আয়াতকে অস্বীকার করা হচ্ছে এবং তার সাথে ঠাট্টা-বিদ্রূপ করা হচ্ছে, তখন তোমরা তাদের সাথে ততক্ষণ পর্যন্ত বসবে না যতক্ষণ পর্যন্ত তারা অন্য আলোচনায় লিপ্ত হয়। (এমনটি করলে) তোমরা তো তাদের মতই হয়ে গেলে। আল্লাহ তা'আলা সব কাফির ও মুনাফিকদের জাহান্নামে একত্রিত করবেন।" [সূরা নিসা: ১৪০]

৫। যাদু:

যাদুর মধ্যে রয়েছে (যাদু-মন্ত্র দ্বারা) স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছিন্নতা সৃষ্টি করা; উভয়ের মধ্যে পরস্পরের প্রতি ঘৃণার সৃষ্টি করা। তাছাড়া "তাওলার" আশ্রয় নেয়া। তাওলা হচ্ছে (যাদু মন্ত্রের সাহায্যে) স্ত্রী কর্তৃক স্বামীকে বশীভূতকরণ, যাতে স্ত্রীর ভালবাসায় স্বামী পাগল প্রায় হয়ে থাকে। এটা শিরক হওয়ার কারণ হচ্ছে, এর দ্বারা বিপদাপদ দূর করা এবং উপকার বা কল্যাণ সাধনের বিষয়টিকে গাইরুল্লাহর ওপর ন্যস্ত করা হয়। এটা নিঃসন্দেহে কুফরী। আল্লাহ তায়ালা বলেন:

وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتَّى يَقُولَا إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ

অর্থ: "তারা উভয়ই একথা না বলে কাউকে শিক্ষা দিত না যে, আমরা পরীক্ষার জন্য; কাজেই তুমি কাফির হয়ো না।" [সূরা বাক্বারা : ১০২-১০৩]

৬। মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের পক্ষ নেয়া ও সহযোগিতা করা:

আল্লাহ তায়ালা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ

অর্থ: "হে মুমিনগণ! ইহুদী ও নাসারাদেরকে তোমরা বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে নিশ্চয়ই তাদেরই একজন। নিশ্চয়ই আল্লাহ যালিম কওমকে হিদায়াত দেন না।" [সূরা মায়েদা: আয়াত ৫১]

বলার অপেক্ষা রাখে না সৌদি আরবসহ সারা বিশ্বের মুসলিম নামধারী শাসকরা আজ এতে লিপ্ত। চারদিকে তাকালেই আমরা দেখতে পাই, পৃথিবীর যেই প্রান্তেই একদল মর্দে মুজাহিদ আল্লাহর জমিনে আল্লাহর বিধান কায়েম করার জন্য দাঁড়াচ্ছে, তাঁদেরকে এই মুসলিম নামধারী তাগুত নেতারা অমুসলিম কাফের তাগুত শাসকদের হাতে তুলে দিচ্ছে। আর মুসলিম নামধারী অনেকে ইহুদী-খ্রিস্টান, তাগুত শাসকদের সাথে মুখে মুখ আর সুরে সুর মিলিয়ে মর্দে মুজাহিদদের জঙ্গি, সন্ত্রাসী ইত্যাদি নামে নামকরণ করছে।

আর এই মুসলিম নামধারী তাগুত শাসকেরা নিজেদের ভূমিকে খুলে দিয়েছে এই ইহুদি খ্রিস্টান শাসকদের জন্য এবং নিজেদের সেনাবাহিনী দ্বারা তাদের অবিরাম মদদ দিয়ে চলছে। এমনকি এই মর্দে মুজাহিদদের অবর্তমানে তাদের বিবি বাচ্চাদেরও তুলে দিচ্ছে এই বিধর্মী তাগুত শাসকদের হাতে।

৭। মূর্তি, প্রতিমা, মানব রচিত সংবিধান ইত্যাদিসহ অন্যান্য তাগুতকে সম্মান, ভক্তি ও শ্রদ্ধা করার জন্য শপথ করা:

অন্তরে আল্লাহর দ্বীনের স্থান হবে ধ্যান ধারণা ও বিশ্বাসের মাধ্যমে। দ্বীনের প্রতি ভালবাসা এবং গাইরুল্লাহর প্রতি ক্রোধ ও ঘৃণার মাধ্যমে। দ্বীনের প্রকাশ হবে মুখে স্বীকৃতির মাধ্যমে এবং কুফরী কথা পরিত্যাগের মাধ্যমে। এমনিভাবে দ্বীনের স্থান হবে অঙ্গ-প্রত্যঙ্গে ইসলামের মৌলিক বিষয়গুলো কার্যকর করা এবং যাবতীয় কুফরী কর্ম পরিত্যাগ করার মাধ্যমে।

এ তিনটি বিষয়ের কোনো একটি বিষয়ে যদি বান্দা ভিন্নমত অবলম্বন করে তাহলে সে কুফরী করলো এবং দ্বীন পরিত্যাগ করলো বলে বিবেচিত হবে।" [আদদুরার আস সানিয়া: ৮/৭৮]

সুতরাং যে ব্যক্তি মূর্তি প্রতিমা বা মানব রচিত সংবিধানকে সম্মান দিল অথবা এগুলো রক্ষার জন্য শপথ করল, সে মূলত: তাগুতকে স্বীকার করে নিল। আর তাগুতকে অস্বীকার করা ব্যতিত কারো ঈমান গ্রহণযোগ্য হবে না।

৮। মুহাব্বত ও ভালবাসার ক্ষেত্রে আল্লাহর সাথে কাউকে শরীক করা অথবা কাউকে আল্লাহর সমকক্ষ মনে করা: আল্লাহ বলেন:

وَمِنَ النَّاسِ مَنْ يَتَّخِذُ مِنْ دُونِ اللَّهِ أَنْدَادًا يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِلَّهِ وَلَوْ يَرَى الَّذِينَ ظَلَمُوا إِذْ يَرَوْنَ الْعَذَابَ أَنَّ الْقُوَّةَ لِلَّهِ جَمِيعًا وَأَنَّ اللَّهَ شَدِيدُ الْعَذَابِ

অর্থ: "আর মানুষের মধ্যে এমনও লোক রয়েছে, যারা আল্লাহর সাথে সমকক্ষ দাঁড় করায় এবং তাদের প্রতি তেমনি মুহব্বত বা ভালবাসা পোষণ করে, যেমন ভালবাসা উচিৎ একমাত্র আল্লাহকে। কিন্তু যারা ঈমানদার আল্লাহর প্রতি তাঁদের ভালবাসা সবচেয়ে বেশী।" [সূরা বাক্বারা : আয়াত ১৬৫]

এই আয়াতে আল্লাহ ছাড়া অন্যান্য গাইরুল্লাহকে ভালবাসা কাফেরদের স্বভাব বলে উল্লেখ করা হয়েছে। সুতরাং বুঝা গেল গাইরুল্লাহকে ভালবাসা কুফরী কাজ; যা ঈমান ভঙ্গের একটি কারণ।

৯। যে ব্যক্তি মনে করে যে, নবী সা. এর নিয়ে আসা বিধানের চেয়ে অন্য বিধান পরিপূর্ণ বা উত্তম:

মহান আল্লাহ বলেন:

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا.

অর্থ: "না, (হে মুহাম্মদ) তোমার রবের কসম! তারা কিছুতেই ঈমানদার হতে পারে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক হিসেবে মেনে নিবে। অতঃপর তুমি যাই ফয়সালা করবে, সে ব্যাপারে তারা নিজেদের মনে বিন্দুমাত্র কুণ্ঠাবোধ করবে না বরং ফয়সালার সামনে নিজেদেরকে সম্পূর্ণরূপে সমর্পণ করবে।" [সূরা নিসা : আয়াত ৬৫]

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا.

অর্থ: "তোমাদের জন্য তোমাদের দ্বীনকে আমি আজ পরিপূর্ণ করে দিলাম ও আমি সম্পূর্ণ করলাম তোমাদের উপর আমার নিয়ামত এবং আমি তোমাদের জন্য ইসলামকে দ্বীন হিসাবে কবুল করলাম।" [সূরা মায়েদা : আয়াত ৩]

অতএব যে ব্যক্তি এরূপ বিশ্বাস করবে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হিদায়াতের চেয়ে অপর কারো হিদায়াত অধিক পূর্ণাঙ্গ অথবা রাসূলের দেয়া বিধি-বিধানের চেয়ে অপর কারো বিধি-বিধান অধিক সুন্দর। তবে সে ব্যক্তির ইসলাম ভঙ্গ হয়ে যাবে।

আজকাল লক্ষ লক্ষ মুসলিম নামধারী ব্যক্তি এ ধরনের বিশ্বাসে লিপ্ত। কেউ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রেখে যাওয়া রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি, রাষ্ট্রনীতি ও আইন বিধানের চেয়ে অন্যদের আবিষ্কৃত এ সংক্রান্ত বিষয়গুলোকে অধিক সুন্দর মনে করছে। কেউ আবার রাসূলের হিদায়াতের চেয়ে বিভিন্ন ভন্ড, ভ্রান্ত পীর-ফকীরদের তরীকার হিদায়াতরূপী বিদয়াতকে অধিক পূর্ণাঙ্গ মনে করছে।

জাতীয়তাবাদ, গণতন্ত্র, পুঁজিবাদ, ধর্মনিরপেক্ষতাবাদ, সমাজতন্ত্র, রাজতন্ত্র সুফীবাদ ইত্যাদির প্রেমিকরা কি প্রকৃত অর্থে মুসলিম থাকতে পারে?

১০। যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনীত কোন বিষয়কে অপছন্দ করে:

যে ব্যক্তি রাসূলের আনীত কোন জিনিসকে ঘৃণা করবে, সে কাফের হয়ে যাবে। যদিও বাহ্যিক ভাবে সে এর উপর আমল করে। ইরশাদ হচ্ছে-

ذَلِكَ بِأَنَّهُمْ كَرِهُوا مَا أَنْزَلَ اللَّهُ فَأَحْبَطَ أَعْمَالَهُمْ

অর্থ: "এটা এজন্য যে, এরা আল্লাহ যা নাযিল করেছেন তাকে ঘৃণা করে, ফলে আল্লাহ তাদের আমলকে বাতিল করে দিয়েছেন।" [সূরা মুহাম্মাদ: ০৯]

আজকাল অনেক নামধারী মুসলিমকেই পর্দা, দাঁড়ি, ইসলামী রাজনীতি, ইসলামী শিক্ষা, আযান ইত্যাদিকে ঘৃণা করতে দেখা যায়। এ ধারাটি এদের উপর প্রযোজ্য। আর মুসলমান নামধারী কিছু মুরতাদ-কাফের আছে আমাদের সমাজে। তাদেরই একজন বলেছেন, আযান শুনলে আমার বেশ্যার আওয়াজের কথা মনে পড়ে। এদের উপর মুরতাদের হত্যা বিধান কার্যকর করা খুবই জরুরী।

১১। কোন কোন মানুষকে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শরীআতের উর্দ্ধে মনে করা:

ঐ ব্যক্তি কাফের, যে মনে করে যে, কিছু মানুষ চেষ্টা-সাধনায় এমন পর্যায়ে উপনীত হতে পারে যে, তখন তার আর মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শরীয়ত মান্য করার প্রয়োজন থাকে না। এ ব্যাপারে তারা মুসা (আ.) ও খাজির (আ.) এর ঘটনাকে তাদের এ ভ্রান্ত ধারণার ভিত্তি হিসাবে গ্রহণ করে।

অথচ সে ঘটনার সাথে তাদের এ ধারনার আদৌ কোন সামাঞ্জস্য নেই। কেননা, প্রথমত খাজির (আ.); মুসা (আ.) এর সম্প্রদায় ও তাঁর (মুসার) নবুয়্যাত সীমানার বাইরে ছিলেন।

দ্বিতীয়ত: বিশুদ্ধ মতে খাজির (আ.) সৃষ্টির ভাঙ্গা-গড়া বিষয়ক নবী ছিলেন। তাই তিনি মুসা (আ.) এর শরীয়তের অন্তর্ভুক্ত ছিলেন না।

অনেক ভ্রান্ত বাতেনী মারেফতপন্থী ব্যক্তিবর্গ নিজেদের রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শরীয়ার বাইরে মনে করে। তারা বলে, আমরা তো হাক্বীকতের মঞ্জিলে পৌঁছে গেছি। অতএব সাধারণের জন্যে উপযোগী শরীয়ার আমাদের কোন প্রয়োজন নেই। অথচ রাসূল সা. বলেন:

وَالَّذِى نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لاَ يَسْمَعُ بِى أَحَدٌ مِنْ هَذِهِ الأُمَّةِ يَهُودِىٌّ وَلاَ نَصْرَانِىٌّ ثُمَّ يَمُوتُ وَلَمْ يُؤْمِنْ بِالَّذِى أُرْسِلْتُ بِهِ إِلاَّ كَانَ مِنْ أَصْحَابِ النَّارِ

অর্থ: "এ উম্মাতের কোন ইয়াহুদী ও খ্রিষ্টান যদি আমার কথা শোনে, অতঃপর আমার উপর ঈমান না আনে, তবে সে জাহান্নামীদের অন্তর্ভূক্ত।" [সহীহ মুসলিম: ৪০৩]

আল্লাহ তাঁর সর্বশ্রেষ্ঠ ওলী ও তাঁর রাসূল সা. কে বলেন:

وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ

অর্থ: "আর তুমি তোমার প্রতিপালকের ইবাদাত কর মৃত্যু আসা পর্যন্ত।" [সূরা হিজর: ৯৯]

সুতরাং বুঝা গেল, জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত কারো জন্যই রাসূলের শরীয়ার বাইরে যাবার কোন সুযোগ নেই।

১২। আল্লাহর দ্বীন থেকে বিমুখ হওয়া:

আল্লাহর বাণী:

وَمَنْ أَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِآيَاتِ رَبِّهِ فَأَعْرَضَ عَنْهَا

অর্থ: "আর তাঁর চেয়ে অধিক যালিম আর কে হতে পারে, যাকে তার রবের আয়াতসমূহ স্মরণ করিয়ে দেয়া হয়েছে, অতঃপর সে তা থেকে বিমুখ হয়েছে।" [সূরা কাহাফ: আয়াত ৫৭]

অন্যত্র মহান আল্লাহ তা'আলা বলেন:

وَالَّذِينَ كَفَرُوا عَمَّا أُنْذِرُوا مُعْرِضُونَ

অর্থ: "যারা কাফের তারা ভীতি প্রদর্শিত বিষয়সমূহ থেকে মুখ ফিরিয়ে নেয়। [সূরা আহকাফ: ৩]

আমাদের দেশে এমন লোকের অভাব নেই। অনেকে আছেন কয়েকটা ডিগ্রী লাভ করেও অজুটা ঠিকমত করতে পারে না। জিজ্ঞাসা করলে উত্তর দেন ফজরের সালাত বার রাকাত।

অনেকে পূজামন্ডপে বা আশ্রমে গিয়ে সুপ্রসন্ন ও সন্তুষ্টচিত্তে ওম্ শান্তি, ওম্ শান্তি - অভিবাদন, শঙ্খ ধ্বনির অভিনন্দন গ্রহণ করে পৌত্তলিকদের হাতে, নিজের কপালে সিঁদুর-তিলক লাগালে কী হয়, সে মাসআলাটুকুও জানে না।

তিনি কি তখন আল্লাহর বান্দা ও রাসূলের উম্মাত থাকেন না কি রাম-দাস হয়ে যান সে পার্থক্যটুকুও জানার সৌভাগ্য ও জ্ঞান তার নেই।

আল্লাহর দ্বীন সম্পর্কে জানার এ অনাগ্রহ ও অনীহাকেই সর্বশেষ এ ধারায় সর্বসম্মতভাবে ওলামায়ে ইসলাম কুফুর বলেছেন। এক কথায় আল্লাহর দ্বীন শেখা থেকে বিরত থাকা, দ্বীনি বিধান অনুযায়ী আমল না করা ও দ্বীন কায়েম করার আন্দোলন জিহাদ ফি সাবিলিল্লাহ থেকে বিরত থাকাই হল দ্বীন থেকে বিমুখ থাকা। যারা দ্বীন থেকে বিমুখ থাকবে, দ্বীন শিক্ষা করবে না, দ্বীন প্রতিষ্ঠার সংগ্রামে জান মাল বাজি রাখবে না বা জিহাদ ও কিতালকে এড়িয়ে চলবে, তাদের মুসলিম দাবী করার অধিকার নেই। তাদের পুণরায় ঈমান নবায়ন করতে হবে।

হে আল্লাহ! আপনি আমাদেরকে আপনার আল হাফিয নামের উসীলায় ঈমান ধ্বংসকারী আকীদাহ, কথা ও কাজ থেকে বেঁচে থাকার তৌফিক দান করুন এবং আপনার আর রহমান, আর রাহীম ও আল গাফুর নামের উসীলায় আমাদের ভুলগুলো ক্ষমা করে দিন। আমীন।

জিহাদের লক্ষ্য উদ্দেশ্য

-মূলঃ জাষ্টিস আল্লামা তাকী উসমানী (দা.বা.)
অনুবাদঃ নাসরুল্লাহ মানসূর

ওলামায়ে কিরাম জিহাদের জন্য পৃথক পৃথক অনেক লক্ষ্য উদ্দেশ্য উল্লেখ করেছেন। পরিস্থিতি ও সময়ের বিচারে আমরা এর সাথে আরো অনেক উদ্দেশ্য যুক্ত করতে পারি।

তবে ইসলামে জিহাদের নির্দেশ দেয়ার পেছনে মৌলিক উদ্দেশ্য হল, ইসলামের মর্যাদা প্রতিষ্ঠা, আল্লাহর বাণী সমুন্নত করা আর কুফুরের প্রতাপ খর্ব করা।

সুদূর অতীত থেকে পাশ্চাত্য ইহুদী-খৃষ্টান চক্র ইসলামের জিহাদ নীতির বিরূদ্ধে অনেক প্রপাগান্ডা করে আসছে এবং এই বুলি আওড়াচ্ছে যে, -বাধ্য করে কাউকে মুসলিম বানানোর পথ হল জিহাদ। আর মুসলিমরা কোন দলিল প্রমাণ ছাড়া শুধু অস্ত্রের বলেই ইসলামকে ছড়িয়ে দিয়েছিল বিশ্বময়। এ উদ্দেশ্য সাধনেই তাঁরা ঝাঁপিয়ে পড়েছিল কুফুরী বিশ্বের উপর। অস্ত্রের ত্রাস আর তরবারীর আঘাতই ছিল তাদের একমাত্র অবলম্বন। শান্তিপূর্ণভাবে ধর্মের প্রতি আহবান মোটেই ছিল না তাদের কাছে।

তারা এসব কথা পূর্বেও বলেছে এখনো বলছে। এর কারণ হল, দ্বীন ইসলামের প্রতি শত্রুতা আর ইসলামের দাওয়াত ও জিহাদের হাকীকত সম্পর্কে চরম মূর্খতা। বরং বাস্তবতা হল, জিহাদের নির্দেশ এসেছে আল্লাহর জমীনে আল্লাহর হুকুম প্রতিষ্ঠা করা আর কুফুর ও শয়তানী শক্তিকে পরাভূত করা। যা যুগে যুগে ফেৎনা-ফাসাদ, জুলুম নির্যাতনের আবর্জনায় পৃথিবীর পরিবেশকে দূষিত করে রেখেছিলো এবং সব সময় সত্যকে অনুধাবন ও হক্বের দিকে অগ্রযাত্রার পথে বিরাট বাঁধা হয়ে দাঁড়িয়েছিলো।

বাধ্য করে ইসলাম গ্রহণ করানোই যদি জিহাদের উদ্দেশ্য হয়, তবে জিযিয়া আদায়ের শর্তে (কর দিয়ে ইসলামী রাষ্ট্রে আপন ধর্মে বহাল থাকা) যুদ্ধ বন্ধ করার কোন যৌক্তিকতা থাকে না। জিযিয়ার বিধানই এ বিষয়ে উজ্জ্বল প্রমাণ যে, জিহাদ মানে ইসলাম গ্রহণে বাধ্য করা নয়। ইতিহাসের কোথাও এ কথা খুঁজে পাওয়া যাবে না যে, মুসলিমরা কোন রাষ্ট্র জয় করার পর কোন কাফিরকে বাধ্য করেছে ইসলাম গ্রহণ করতে। বরং ইতিহাসের পাতায় পাতায় পাওয়া যায় মুসলিমরা পরম উদারতার সাথে কাফিরদেরকে তাদের ধর্ম কর্ম পালনে পূর্ণ সুযোগ দিয়েছে। অতঃপর তারা ইসলামের অনুপম আদর্শ, উত্তম চরিত্র আর অকাট্য দলিল-প্রমাণ দেখে সানন্দে ইসলাম গ্রহণ করেছে। জিহাদের সাথে আর ইসলাম গ্রহণে বাধ্য করার সাথে কোনই সম্পর্ক নেই।

জিহাদ তো এসেছে সে সকল অহংকারী, প্রবৃত্তিপূজারী দাম্ভিকদের দম্ভ চূর্ণ করার জন্য, যারা নিজেদের নোংরা স্বভাব আর খারাপ চিন্তার মিশ্রণ ঘটিয়ে বিধান রচনা করে আর তা দ্বারা আল্লাহর বান্দাদেরকে নিজেদের দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ করে রাখে।

কিন্তু পরিতাপের বিষয়, পশ্চিমা চেতনার শিকার কোন কোন ইসলামী চিন্তাবিদকে জিহাদের ব্যপারে নিতান্তই দূর্বল অভিমত ও পরাজিত মানসিকতা পোষণ করতে দেখা যায়। কেউ কেউ জিহাদের হাকীকত না বুঝে, কাফির মুশরিকদের অভিযোগের সামনে কাচুমাচু হয়ে বলতে থাকে, জিহাদের বিধান তো এসেছে শুধু আগ্রাসী শক্তিকে প্রতিহত করার জন্যে। যেই কাফিররা ইসলামী রাষ্ট্রের উপর হামলা করে না, তাদের সাথে যুদ্ধ করা জায়েয নেই। আরো এমন কত জবাব কত অলিক কথা-বার্তা। যার প্রমাণ কুরআন সুন্নাহ এবং ফিকহে ইসলামী এমনকি উম্মাতের ১৪০০ বছরের কর্মধারার কোথাও পাওয়া যাবে না। বর্তমান যুগে অনেক মুসলিম এ বিষয়ে বিভ্রান্তির শিকার। তাই আমরা বিষয়টিকে একটু বিস্তারিত আলোচনার চেষ্টা করবো। জিহাদের হাকীকত (বাস্তবতা) এবং কুরআন হাদীসে বর্ণিত জিহাদ সংক্রান্ত বিধানাবলী ভালোভাবে অনুধাবনের জন্য আমাদের আগে জানতে হবে, ইসলামের সূচনালগ্ন থেকে জিহাদের উপর কয়টি স্তর অতিবাহিত হয়েছে এবং কখন জিহাদের বিধান চূড়ান্ত রূপ লাভ করেছে।

কুরআনে বর্ণিত জিহাদের স্তর সমুহঃ

প্রথম স্তর :

এটা হলো ধৈর্য্যের স্তর। সকল অত্যাচার সয়ে, নীরবে দাওয়াত দিয়ে যাওয়ার স্তর। এ সময় নবী আ. অস্ত্র হাতে নিতে নিষেধ করেছেন। ইসলাম মানতে গিয়ে বাতিলের পক্ষ হতে যত নিপীড়ন আসে, সব মুখ বুজে সয়ে যাও, প্রতিবাদ করতে যেওনা। এ সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,

فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ.

অর্থ: "সুতরাং তোমাকে যে আদেশ দেয়া হয়েছে, তা ব্যাপকভাবে প্রচার করো এবং মুশরিকদের থেকে মুখ ফিরিয়ে নাও।" (সূরা হিজর ১৫, আয়াত ৯৪)

অপর আয়াতে আল্লাহ তা'আলা বলেন,

خُذِ الْعَفْوَ وَأْمُرْ بِالْعُرْفِ وَأَعْرِضْ عَنِ الْجَاهِلِينَ} [الأعراف : ١٩٩]

অর্থ: "তুমি ক্ষমা প্রদর্শন করো এবং ভালো কাজের আদেশ দাও। আর মূর্খদের থেকে বিমুখ থাক।" (সূরা আ'রাফ ৭, আয়াত ১৯৯)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সময় সাহাবাদের বলেছেন,

إِنِّي أُمِرْتُ بِالْعَفْوِ فَلَا تُقَاتِلُوا

অর্থ: "আমাকে ক্ষমার নির্দেশ দেয়া হয়েছে সুতরাং তোমরা যুদ্ধ করো না।" (নাসায়ী, ৩০৮৬)

ইমাম কুরতুবী রহ. বলেন, "মাক্কী জীবনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কিতালের অনুমতি দেয়া হয়নি।" (কুরতুবী, খন্ড ৩, পৃষ্ঠা ৩৮)

জিহাদের দ্বিতীয় স্তর :

এ পর্যায়ে এসে কিতালের বৈধতা প্রদান করা হয়। তবে ফরজ করা হয়নি। সার কথা হল তোমরা অনেক নিপীড়িত হয়েছ, তাই যদি ইচ্ছে হয় তবে কিতাল করতে পার। তোমাদের অনুমতি দেয়া গেল। এ সর্ম্পকে আল্লাহ তা'আলা বলেন,

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا وَإِنَّ اللَّهَ عَلَى نَصْرِهِمْ لَقَدِيرٌ.

অর্থ: "যুদ্ধের অনুমতি দেয়া হলো তাদেরকে। কারণ তাদের ওপর নির্যাতন করা হয়েছে। নিশ্চয়ই আল্লাহ তাদেরকে বিজয়দানে সক্ষম।" (সূরা হজ্জ ২২, আয়াত ৩৯)

ইবনে কাসীর রহ. এই আয়াতের ব্যাখ্যায় বলেন, অনেক সালাফ আলেমগণ বলেছেন, এটাই হল জিহাদের প্রথম আয়াত এবং এ আয়াতের ভিত্তিতেই অনেকে বলে থাকেন যে সূরা হজ্জ মাদানী সূরা।

জিহাদের তৃতীয় স্তর :

জিহাদ ফরজ তবে সবার বিরুদ্ধে নয়। যারা মুকাবেলায় আসে কেবলমাত্র তাদের বিরুদ্ধে। সার কথা হলো, আঘাতের বিরুদ্ধে আঘাত করো। কেউ অস্ত্র নিলে প্রতিহত কর। এই স্তর সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ.

অর্থ: "আর তোমরা আল্লাহর রাস্তায় তাদের বিরুদ্ধে লড়াই কর, যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করে তবে সীমালঙ্ঘন করো না। নিশ্চয়ই আল্লাহ সীমালঙ্ঘনকারীদেরকে পছন্দ করেন না।" (সূরা বাকারা ২, আয়াত ১৯০)

অন্যত্র ইরশাদ হয়েছে,

فَإِنِ اعْتَزَلُوكُمْ فَلَمْ يُقَاتِلُوكُمْ وَأَلْقَوْا إِلَيْكُمُ السَّلَمَ فَمَا جَعَلَ اللَّهُ لَكُمْ عَلَيْهِمْ سَبِيلًا.

অর্থ: "অতএব তারা যদি তোমাদের থেকে সরে যায় অতঃপর তোমাদের বিরুদ্ধে যুদ্ধ না করে এবং তোমাদের কাছে শান্তি প্রস্তাব উপস্থাপন করে, তাহলে আল্লাহ তোমাদের জন্য তাদের বিরুদ্ধে কোন পথ রাখেন নি।" (সূরা নিসা ৪, আয়াত ৯০)

জিহাদের চতুর্থ স্তর :

সকল কাফিরদের সাথে যুদ্ধ করা। চাই তারা আগে শুরু করুক বা না করুক। মোটকথা হল তাদের সাথে যুদ্ধ চালিয়ে যাও। যতক্ষণ না তারা ইসলাম গ্রহণ করে বা জিযিয়া প্রদান করে। যাতে কুফুরী শক্তি ভূলুণ্ঠিত হয়ে অল্লাহর কালিমা বুলন্দ হয়, ইসলাম হয় সমুন্নত। এই স্তরের সূচনা হয়েছে নবম হিজরীর হজ্জের চার মাস পর হতে। হজ্জের আমীর ছিলেন আবু বকর রাযি. এবং আলী রাযি.। হজ্জের সময় মক্কায় এই স্তরের ঘোষণা দিয়েছিলেন। আল্লাহ তা'আলা সূরা তাওবায় এই স্তরের আলোচনায় বিস্তারিতভাবে তিনি বলেন ঃ

فَإِذَا انْسَلَخَ الْأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ.

অর্থ: "অতঃপর যখন নিষিদ্ধ মাসগুলো অতিবাহিত হয়ে যাবে, তখন তোমরা মুশরিকদেরকে হত্যা করো, তাদেরকে যেখানে পাও সেখানেই। তাদেরকে পাকড়াও করো। তাদেরকে অবরোধ করো এবং তাদের জন্য প্রতিটি ঘাঁটিতে বসে থাকো। তবে যদি তারা তাওবা করে এবং সালাত কায়েম করে, যাকাত দেয়, তাহলে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয়ই আল্লাহ বড়ই ক্ষমাশীল, পরম দয়ালু।" (সূরা তাওবা ৯, আয়াত ০৫)

قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ.

অর্থ: "তোমরা লড়াই করো আহলে কিতাবের সে সব লোকের সাথে, যারা আল্লাহ ও শেষ দিবসে ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম বলে মনে করে না, আর সত্য দ্বীন গ্রহণ করে না, যতক্ষণ না তারা সহস্তে নত হয়ে জিযয়া দেয়।" (সূরা তাওবা ৯, আয়াত ২৯)

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ.

অর্থ: "আর তোমরা তাদের বিরুদ্ধে লড়াই করো, যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দ্বীন পূর্ণরুপে আল্লাহর জন্য হয়ে যায়।" (সূরা আনফাল ৭, আয়াত ৩৯)

এতক্ষণের আলোচনা থেকে বুঝা গেলো যে জিহাদের আয়াতগুলো সব একবারেই নাযিল হয় নি। বরং ধীরে ধীরে জিহাদ পূর্ণতায় পৌঁছেছে এবং সর্বশেষ এ কথার উপর তা চূড়ান্ত হয়েছে যে, আল্লাহর যমীনে যেখানেই কুফুরীর প্রাধান্য আছে সেখানেই জিহাদ চালিয়ে যেতে হবে।

বিষয়টি একটু বিস্তারিত বললে এমন দ্বারায় যে, কিয়ামত পর্যন্ত জিহাদ তোমাদের উপর ফরজ করে দেয়া হলো এবং তাকে করে দেয়া হলো দ্বীনের অবিচ্ছেদ্য অংশ। যতদিন তোমরা এই ফরিযা পালন করবে, ততদিন তোমরা থাকবে শেষজাতি আর ইসলাম থাকবে আদর্শ ধর্ম হিসাবে। আর শুনে রাখো! যদি এ বিধান পালনে অবহেলা করো, তবে তোমরা হবে সবচাইতে তুচ্ছ ও নির্যাতিত জাতি। আর পৃথিবী ভরে যাবে অনাচার অত্যাচারে।

সুতরাং এখন আর কারো জন্য এই অবকাশ নেই যে, পূববর্তী স্তরগুলো সংক্রান্ত কোন আয়াত বা হাদিস এনে জিহাদের বিধানে শিথিলতা সৃষ্টি করবে। ইসলামের অন্য সকল বিধানগুলো যেমন পূর্ণাঙ্গ ও চূড়ান্ত, তেমনি জিহাদও চূড়ান্ত হয়ে গেছে এবং কিয়ামত পর্যন্ত তার হুকুম বলবৎ রাখা হয়েছে।

সূত্র: তাকমিলায়ে ফাতহুল মুলহিম

মুসলিমদের ভূমিকে প্রতিরক্ষা করা ঈমান আনার পর প্রথম ফরজ

-মূলঃ শায়খ আব্দুল্লাহ আযযাম (রহ.)
অনুবাদঃ আহমাদ গুরাইব

"যদি মুসলিমদের ভূমির এক বিঘত পরিমাণ জায়গাও কুফ্ফাররা দখল করে নেয়, তখন প্রত্যক মুসলিম নর-নারীর উপর জিহাদ করা ফরজে আইন হয়ে যায়, ঐ মুহূর্তে জিহাদে বের হওয়ার জন্যে সন্তানের প্রয়োজন হয় না তার পিতা-মাতার কাছ থেকে অনুমতি নেয়া এবং স্ত্রীরও তার স্বামীর কাছ থেকে অনুমতি নেয়ার প্রয়োজন হয় না।" (ইমামুল মুজাহিদীন শহীদ শাইখ আব্দুল্লাহ আযযাম রহ.)

মুসলিমদের ভুমিকে প্রতিরক্ষা করা ঈমান আনার পর প্রথম ফরজ প্রথম দায়িত্ব (ইমামুল মুজাহিদীন শহীদ শাইখ আব্দুল্লাহ আযযাম রহ.)

সকল প্রশংসা আল্লাহ তা'আলার জন্য। আমরা তাঁরই প্রশংসা করি এবং তাঁর কাছেই সাহায্য চাই, আমরা তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করি এবং আমাদের খারাপ আমল ও নফসের খারাবী থেকে আশ্রয় চাই। আল্লাহ তা'আলা যাকে হিদায়াত দান করেন, তাকে পথভ্রষ্টকারী কেউ নেই। আর যাকে পথভ্রষ্ট হওয়ার সুযোগ দেন তাকে হিদায়াতদানকারী কেউ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ তা'আলার বান্দা ও তাঁর রাসূল। আল্লাহ তাঁর উপর ও তাঁর পরিবারের উপর ও তাঁর সাহাবীগণের উপর শান্তি বর্ষণ করুন।

অতঃপর, আল্লাহ সুবহানাহু ওয়াতা'আলা এই দ্বীনকে সমস্ত বিশ্ববাসীর জন্য রহমত স্বরূপ পছন্দ করেছেন এবং এই দ্বীনের জন্যে সর্বশেষ নবীকে পাঠিয়েছেন, যিনি রাসূলদের মধ্যে সবচেয়ে বেশী অনুগ্রহ প্রাপ্ত। তাঁকে পাঠানো হয়েছে তীর ও বর্শা দ্বারা, এই দ্বীনকে বিজয়ী করার জন্য। এটি সবার নিকট সুস্পষ্ট দলিল ও যুক্তি দ্বারা চাক্ষুষভাবে প্রমাণিত।

যেমন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আমাকে পাঠানো হয়েছে কিয়ামতের আগে তলোয়ার সহকারে। যাতে শিরক মুক্ত অবস্থায় এক আল্লাহর ইবাদাত করা হয়। তিনি আমার রিযিক রেখেছেন বর্শার ছায়াতলে। যারা আমার আদেশ প্রত্যাখ্যান করবে তাঁদের জন্যে রয়েছে অপমান ও লাঞ্ছনা। যা নির্ধারিত হয়েছে আল্লাহর পক্ষ হতে এবং যে কাফেরদের অনুসরণ করবে সে তাদেরই অন্তর্ভূক্ত।" (মুসনাদে আহমাদ, জামে সাগীর)

আল্লাহ তা'আলা মানবতার মুক্তির পথ রেখেছেন জিহাদের মধ্যে, কেননা তিনি বলেছেন,

وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَفَسَدَتِ الْأَرْضُ وَلَكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ.

অর্থঃ "আর আল্লাহ যদি মানুষের কতককে কতকের দ্বারা প্রতিহত না করতেন, তবে অবশ্যই যমীন ফাসাদপূর্ণ হয়ে যেত। কিন্তু আল্লাহ বিশ্ববাসীর উপর অনুগ্রহশীল।" (সূরা বাকারা ২, আয়াত ২৫১)

এভাবেই সর্বশক্তিমান আল্লাহ তা'আলা এই বিধানকে মানব জাতির উপর অনুগ্রহ স্বরূপ দান করেছেন এবং এটিকে দ্ব্যর্থহীন করে দিয়েছেন। অন্য কথায় মানব জাতির পূণর্গঠনের জন্যই সত্য-মিথ্যার এই দ্বন্দ্ব চলতে থাকবে। যেন সত্য সদা বিজয়ী হয় এবং যা কিছু উত্তম তা বিস্তার লাভ করে। এর আরো একটি উদ্দেশ্য হল মু'মিনদের আমল এবং ইবাদাতের স্থানগুলোকে নিরাপদ রাখা। আল্লাহ সুবহানাহু তায়ালা বলেন,

وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللَّهِ كَثِيرًا وَلَيَنْصُرَنَّ اللَّهُ مَنْ يَنْصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ.

অর্থঃ "আর আল্লাহ যদি মানবজাতির একদলকে অপর দল দ্বারা দমন না করতেন, তবে বিধ্বস্ত হয়ে যেতো খৃস্টান সন্ন্যাসীদের আশ্রম, গির্জা, ইহুদীদের উপাসনালয় ও মসজিদসমূহ- যেখানে আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়। আর আল্লাহ অবশ্যই তাঁকে সাহায্য করেন, যে তাঁকে সাহায্য করে। নিশ্চয় আল্লাহ শক্তিমান, পরাক্রমশালী।" (সূরা হাজ্জ ২২, আয়াত ৪০)

আল্লাহ তা'আলা এই বিষয়টিকে আরো পরিস্কারভাবে জানিয়েছেন, যারা জিহাদ ত্যাগ করবে, তিনি তাদের স্থানে অন্য এমন কাউকে নিয়ে আসবেন যারা এই কাজটি সম্পাদন করবে। আল্লাহ তায়ালা বলেন,

إِلَّا تَنفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ.

অর্থ: "যদি তোমরা (যুদ্ধে) বের না হও, তবে তিনি তোমাদের বেদনাদায়ক আযাব দেবেন এবং তোমাদের পরিবর্তে অন্য এক কওমকে আনয়ন করবেন। আর তোমরা তাঁর কিছুমাত্র ক্ষতি করতে পারবে না। আর আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান।" (সূরা তাওবা ৯, আয়াত ৩৯)

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'টি বস্তুকে পাপের উৎস হিসেবে উল্লেখ করেছেন, "কৃপনতা ও কাপুরুষতা।" এই উৎস দু'টি আত্মাকে কলুষিত করে এবং সমাজের নৈতিক অবনতি ঘটায়। সহীহ হাদীসে বর্ণিত আছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "মানুষের মধ্যে সবচেয়ে খারাপ দিক হল কৃপণতা ও কাপুরুষতা।" (বুখারী, আবু দাউদ)

আমরা যদি অতীতের দিকে তাকাই তাহলে দেখতে পাবো আমাদের পূর্ববর্তী আলেমগণ জিহাদের বিধানকে আঁকড়ে ধরেছিলেন এবং মানব জাতিকে এর মাধ্যমেই শিক্ষা এবং নেতৃত্ব দান করেছিলেন। আল্লাহ তা'আলা বলেন,

وَجَعَلْنَا مِنْهُمْ أَئِمَّةً يَهْدُونَ بِأَمْرِنَا لَمَّا صَبَرُوا وَكَانُوا بِآيَاتِنَا يُوقِنُونَ.

অর্থ: "আর আমি তাঁদের মধ্য থেকে বহু নেতা করেছিলাম, তাঁরা আমার আদেশানুযায়ী সৎপথ প্রদর্শন করত। যখন তাঁরা ধৈর্যধারণ করেছিল। আর তাঁরা আমার আয়াতসমূহের প্রতি দৃঢ় বিশ্বাস রাখতো।" (সূরা সাজদা ৩২, আয়াত ২৪)

সহীহ হাদীস থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আমার উম্মাতের প্রথম অংশ ঈমানের দৃঢ়তা ও সংযমের দ্বারা গঠিত হয়েছিল। আর শেষ অংশ কাপুরুষতা ও কৃপনতার দ্বারা ধ্বংস প্রাপ্ত হবে।" (আহমাদ,বায়হাকী, তাবরানী হাদীসটি সহীহ)

দূর্ভাগ্যবশত : এমন কিছু জাতি ছিল, যারা মুসলিমদের উত্তরসূরী ছিল, তারা আল্লাহর বিধানকে অবহেলা করতো। তারা তাদের রবকে ভুলে গিয়েছিলেন। মহা মহিমান্বিত আল্লাহ তায়ালা বলেন,

فَخَلَفَ مِنْ بَعْدِهِمْ خَلْفٌ أَضَاعُوا الصَّلَاةَ وَاتَّبَعُوا الشَّهَوَاتِ فَسَوْفَ يَلْقَوْنَ غَيًّا.

অর্থ: "তাঁদের পরে আসল এমন এক অসৎ বংশধর, যারা সালাত বিনষ্ট করল এবং কুপ্রবৃত্তির অনুসরণ করল। সুতরাং শীঘ্রই তারা জাহান্নামের শাস্তি প্রত্যক্ষ করবে।" (সূরা মারয়াম ১৯, আয়াত ৫৯) তারা তাদের নফসের অনুসরণ করতো এবং তাদের আমলের খারাপগুলোকে তাদের নিকট শোভনীয় করে তোলা হয়েছিল। সহীহ হাদীস থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আল্লাহ তা'আলা অপছন্দ করেন প্রতিটি স্বার্থান্বেষী, উদ্ধত ব্যক্তিকে যে বাজারে লক্ষ্যহীনভাবে ঘুরে বেড়ায়, রাত্রিতে লাশের মত ঘুমিয়ে থাকে, দিনের বেলায় থাকে গর্দভের ন্যায় এবং দুনিয়াবী বিষয়ে জ্ঞানী আর আখেরাতের বিষয়ে একদম মুর্খ।" (সহীহ, জামে সাগীর, হাদীস নং ১৮৭৪)

হারিয়ে যাওয়া অবশ্য পালনীয় কর্তব্যের মধ্যে একটি কর্তব্য হল জিহাদ। কেননা এটি এখন আর মুসলিমদের মধ্যে দেখা যায় না। যেন তারা এখন বন্যার পানিতে ময়লার মত হয়ে গেছে। যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "এমন একটি সময় আসবে, যখন জাতিগুলো একে অপরকে প্রতিটি অঞ্চল থেকে তোমাদের উপর আক্রমণ করার জন্যে আহবান করবে। যেভাবে একই পাত্রে রাতের খাবার খাওয়ার জন্য একে অপরকে আহবান করে থাকে। একজন ব্যক্তি জিজ্ঞাসা করল যে, 'এটা কি এই কারণে যে আমরা তখন সংখ্যায় কম হবো? তিনি বললেন না, বরং তোমরা হবে বন্যার পানির ময়লার মতো। আল্লাহ তোমাদের অন্তরের মধ্যে 'ওয়াহান' ঢুকিয়ে দিবেন এবং তোমাদের শত্রুদের অন্তর থেকে তোমাদের ভয়কে উঠিয়ে নিবেন। জিজ্ঞাসা করা হল- হে আল্লাহর রাসূল! সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ওয়াহান' কি? তিনি বললেন, দুনিয়ার প্রতি ভালোবাসা এবং জিহাদের প্রতি ঘৃণা।" (আবু দাউদ, সহীহ আহমাদ) 'কিতালের প্রতি ঘৃণা' এই শব্দসহকারে সিলসীলা সাহীহা, হাদীস নং ৯৫৮)

কাফিরদের বিরূদ্ধে জিহাদ দুই প্রকার :

এক। আক্রমণাত্মক জিহাদ : (যেখানে শত্রুকে তার নিজ এলাকায় আক্রমণ করা হয়।) এক্ষেত্রে কাফিররা মুসলিমদের বিরূদ্ধে যুদ্ধের জন্যে একত্রিত হয় না। এই জিহাদ ফরযে কিফায়া হয়। তবে এটা যদি সকলেই বর্জন করে তাহলে সকলেই গুনাহগার হবে।

দুই। আত্মরক্ষামূলক জিহাদ : এটি হলো আমাদের ভুমি হতে কাফিরদের বের করে দেয়া -যা ফরজে আইন, অর্থাৎ সবার জন্যে আবশ্যকীয় কর্তব্য। সকল প্রকার ফরজ সমূহের মধ্য হতে এটি হল সবচেয়ে গুরূত্বপূর্ণ। যদি নিম্নের অবস্থাগুলো দেখা যায় ঃ

(ক) যদি কাফিররা মুসলিমদের ভূমিতে প্রবেশ করে।

(খ) যদি দু'টি বাহিনী যুদ্ধের ময়দানে মুখোমুখী এসে দাঁড়ায় এবং একে অপরকে আহবান করতে শুরু করে।

(গ) যদি খলিফা কোন ব্যক্তি অথবা জনগনকে আহবান জানায় তাহলে অবশ্যই জিহাদে বেরিয়ে পরতে হবে।

(ঘ) যদি কাফিররা মুসলিমদের মধ্য হতে কিছু মানুষকে বন্দী করে ফেলে।

প্রথম শর্ত : যদি কাফিররা মুসলিমদের ভূমিতে প্রবেশ করে: সালাফে সালেহীনগণ, তাদের উত্তরসূরীগণ, চার মাজহাবের আলিমগণ মুহাদ্দিসগণ এবং মুফাস্সিরগণ সকলেই এবং ইসলামের ইতিহাসের সকল সময়ে একমত পোষণ করেছেন যে, এই শর্তানুযায়ী জিহাদ ফরযে আইন হয়ে যায়। ফরজে আইন ঐ সকল মুসলিমদের উপর, যাদের ভূমি কাফিররা আক্রমণ করেছে অথবা যারা আক্রান্ত মুসলিম ভূমির কাছাকাছি রয়েছে। এরূপ পরিস্থিতিতে জিহাদে ঝাঁপিয়ে পরার জন্যে সন্তানকে তার পিতা-মাতার কাছ থেকে, স্ত্রীকে তার স্বামীর কাছ থেকে, দাসকে তার মুনিবের কাছ থেকে এবং দেনাদারকে তার পাওয়ানাদারের কাছ থেকে অনুমতি নেয়ার প্রয়োজন হয় না। কিন্তু আক্রান্ত ঐ অঞ্চলের মুসলিমরা যদি সৈন্যের ঘাটতির কারণে অথবা অক্ষমতা কিংবা গাফিলতির কারণে কাফিরদেরকে তাদের ভূমি হতে বিতাড়িত করতে না পারে, তখন এই ফরজে আইনের হুকুমটি ঐ আক্রান্ত ভূমির নিকটবর্তী মুসলিমদের উপর,

তারপর তার নিকটবর্তী মুসলিমদের উপর প্রযোজ্য হবে। আর যদি তাদেরও গাফলতি বা জনশক্তির ঘাটতি থাকে তাহলে পার্শ্ববর্তীদের উপর অত:পর পার্শ্ববর্তী এলাকার মুসলিমদের উপর এই হুকুম বর্তাতে থাকে। যতক্ষণ পর্যন্ত না এই ঘাটতি পূরণ হয়, ততক্ষণ পর্যন্ত এটি চলতে থাকবে এবং এক পর্যায়ে এটি পুরো দুনিয়ার সকল মুসলিমদের উপর ফরজে আইন হয়ে যাবে।

এই বিষয়ের উপর শাইখ ইবনে তাইমিয়া রহ. বলেন, প্রতিরক্ষামূলক জিহাদ, যার মাধ্যমে আগ্রাসী শত্রুদের (মুসলিমদের ভূমি থেকে) বের করে দেয়া হয়, এটি জিহাদের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি জিহাদ। সর্বজন স্বীকৃত যে, দ্বীন এবং নিজেদের সম্মান রক্ষা করা হচ্ছে একটি আবশ্যক দায়িত্ব। ঈমান আনার পর প্রথম বাধ্যতামূলক দায়িত্ব হল আগ্রাসী শত্রুদের পার্থিব ও দ্বীনের উপর আগ্রাসনকে প্রতিহত করা। এক্ষেত্রে ওজর-আপত্তির কোন সুযোগ নেই। যেমন, সরবরাহ অথবা পরিবহন ব্যবস্থা না থাকাকে ওজর হিসাবে পেশ করা। বরং যার যতটুকু সামর্থ্য আছে, তা নিয়েই জিহাদ চালিয়ে যেতে হবে। আলিমগণ, আমাদের সহকর্মীগণ এবং অন্যান্যরাও এ বিষয়ের উপর একমত।"

ইবনে তাইমিয়া রহ. কাজীর বক্তব্যের প্রতি দ্বিমত পোষণ করেন, যিনি যানবাহনকে শর্ত হিসাবে উল্লেখ করে বলেছিলেন, "জিহাদ যদি কোন দেশে ফরজে আইন হয়, তখন হজ্জের ক্ষেত্রে যেমন যানবাহন থাকা জরুরী ঠিক জিহাদের ক্ষেত্রেও যানবাহন থাকা জরুরী (যদি শত্রুদের দূরত্ব সফরের দূরত্বের সমান হয়)

ইবনে তাইমিয়্যাহ রহ. আরও বলেন, "কাজী হজ্জের সাথে তুলনার ক্ষেত্রে যে কথা বলেছেন, তা এর পূর্বে অন্য কেউ বলেনি এবং এটি হচ্ছে একটি দূর্বল উক্তি। জিহাদ ফরজ কারণ এর মাধ্যমে শত্রু কর্তৃক ক্ষতিকে দূর করতে হয় এবং এই কারণেই এটি হজ্জের উপর অগ্রাধিকার পায়। **হজ্জের জন্যে যদিও যানবাহন অত্যাবশ্যকীয় কিন্তু জিহাদের ক্ষেত্রকে অনেকে অগ্রাধিকার দিয়েছে।** অন্য একটি সহীহ হাদীসে বর্ণিত হয়েছে, উবাদা বিন সামিত রাযি হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মুসলিমদের উপর বাধ্যবাধকতা এই যে, তাকে শুনতে হবে ও মানতে হবে, কঠিন এবং সহজ সময়ে সর্বাবস্থায়, তার পছন্দ হোক বা না হোক এবং যদিও তার অধিকার তাকে না দেয়া হয়। তাই এই আবশ্যক দায়িত্বের একটি খুঁটি হচ্ছে জিহাদে বেরিয়ে পরতে হবে। যদিও আমাদের কঠিন অথবা সহজ সময় হয়।

যেভাবে হজ্জের ক্ষেত্রে বলা হয়েছে যে, ফরজ কাজগুলো কঠিনতর সময়গুলোতেও বহাল থাকে এবং এটা হলো আক্রমণাত্মক জিহাদের বেলায়। কিন্তু প্রতিরোধমূলক জিহাদের ক্ষেত্রে এই ফরজ কাজটির প্রয়োজনীয়তা আরও অনেক গুণ বেড়ে যায়। দ্বীন এবং পবিত্র বিষয়গুলো আগ্রাসী শত্রুদের থেকে রক্ষা করা হলো ' ফরজ। এক্ষেত্রে সবাই একমত। ঈমান আনার পর প্রথম বাধ্যতামূলক দায়িত্ব হল আগ্রাসী শত্রুদের পার্থিব ও দ্বীনের উপরে আগ্রাসনকে প্রতিহত করা।" আমরা এখন এ ব্যাপারে চার মাজহাবের মতামত দেখবো, যাঁরা সবাই এ বিষয়ে একমত ছিলেন।

চার মাযহাবের দলিলসমূহ

এক. হানাফি মাযহাব :

ইবনে আবেদীন বলেছেন, "যদি শত্রুরা (কাফেররা) মুসলিমদের সীমানায় আক্রমণ চালায়, এমতাবস্থায় জিহাদ করা ফরজে আইন হয়ে যায় এবং এই ফরজে আইন হয় তাদের উপর, যারা ঐ আক্রান্ত এলাকার নিকটে অবস্থান করছে। যদি নিকটবর্তীদের সাহায্য প্রয়োজন না হয়, তাহলে আক্রান্ত এলাকা হতে যারা দূরে অবস্থান করছে তাদের জন্যে এটি ফরজে কিফায়া। আর যদি তাদের সাহায্যের প্রয়োজন পড়ে তাহলে তাদের নিকটবর্তী যারা আছে তাদের উপরও এটি ফরজে আইন হয়ে যায়। সে ক্ষেত্রে হতে পারে যে, সীমান্তবর্তী এলাকার মুসলিমদের প্রচেষ্টায় শত্রুরা প্রতিহত হচ্ছে না, অথবা তারা অলস বসে আছে অথবা জিহাদ করছে না। তাহলে এটি তাদের পরবর্তী নিকটবর্তী মুসলিমদের উপর ফরজে আইন হয়ে যাবে, ঠিক যে রকমভাবে তাদের উপর সালাত ও সিয়াম ফরজ। তাদের জন্য এই হুকুমকে পরিত্যাগ করার কোন সুযোগ নেই। যদি তারাও অক্ষম হয়ে পড়ে, তাহলে এটি ফরজে আইন হবে পরবর্তী নিকটবর্তীদের উপর এবং এই পদ্ধতি অব্যাহত থাকবে, এভাবে পূর্ব হতে পশ্চিম পুরো মুসলিম উম্মাহর উপর জিহাদ ফরজে আইন হয়ে যাবে।" (হাশিয়াতু ইবনে আবেদীন, বাদাইয়ুস সানায়ে, আল বাহুরুর রায়েক, ফাতহুল কাদির)

দুই. মালেকী মাযহাব :

'হাশিয়াতুত দুসুকী'তে বলা হয়েছে যে, "জিহাদ ফরজে আইন হয় তখন, যখন শত্রু পক্ষ হতে আকস্মিক আক্রমণ করা হয়।" দুসুকী বলেন, "যখন এমনটি ঘটে তখন প্রত্যেকের উপর জিহাদ ফরজে আইন হয়ে যায়। এমনকি মহিলা, শিশু, দাস-দাসীদের উপরও যদিও তারা তাদের অভিভাবক, স্বামী অথবা ঋণদাতার পক্ষ হতে বাধাপ্রাপ্ত হয়।" (হাশিয়াতুত দুসুকী ২/১৭৪)

তিন. শাফেয়ী মাযহাব :

রামলী লিখিত 'নিহায়াতুল মুহতাজ' নামক গ্রন্থে বলা হয়েছে যে, "যদি তারা (কাফিররা) আমাদের ভূমিতে আক্রমণ চালায় এবং তাদের ও আমাদের মধ্যকার দূরত্ব হয় যতটুকু দূরত্বে সফরে সালাতে কসরের বিধান বাস্তবায়ন হয় তা অপেক্ষা কম, তাহলে ঐ ভূমির মুসলিমদের উপর তাদের ভূমিকে রক্ষা করা ফরজে আইন হয়ে যায়। এমন কি এটি তাদের উপরও ফরজে আইন হয়ে যায়, যাদের উপরে কোন জিহাদ নেই। যেমন ঃ মহিলা, শিশু, দাস-দাসী, ঋণগ্রস্থ ব্যক্তি।" (নিহায়াতুল মুহতাজ ৮/৫৮)

.....লেখার বাকী অংশ পৃষ্ঠা নং ১৭

খোশ খবর

শীঘ্রই আসছে বাংলা ভাষায় অনুদিত মহান শাইখ আইমান আল জাওয়াহিরী (দা. বা.) এর-

'আলবানীর ভ্রান্তির জবাব'

নামক একটি প্রামাণ্য গ্রন্থ।

আগ্রহী পাঠকগণ খোঁজ রাখুন।

জিহাদ সংক্রান্ত কিছু সংশয় নিরসন

-মুফতী সাঈদ আহমাদ পালনপুরী (হাফিজাহুল্লাহ) শাইখুল হাদীস ও মুফতী দারুল উলুম দেওবন্দ
অনুবাদ: আসেম ও নাসরুল্লাহ (আল্লাহ তাদেরকে শহীদ হিসাবে কবুল করুন)

জিহাদ কুরআন ও হাদীসের একটি বিশেষ পরিভাষা। তার অর্থ হলো দ্বীন ইসলামের প্রতিরক্ষা ও সমুন্নত করার লক্ষ্যে ইসলামের শত্রুদের বিরুদ্ধে লড়াই করা। শব্দ বিবেচনায় জিহাদ শব্দটির দু'ধরনের ব্যবহার পাওয়া যায়,

جاهد العدو مجاهدة و جهادا

(১) অর্থ শত্রুদের বিরুদ্ধে লড়াই করা।

جاهد في الامر

(২) কোন কাজে পূর্ণ শক্তি ব্যয় করা ও প্রাণান্তকর প্রচেষ্টা চালানো।

এই অর্থেই বলা হয়ে থাকে মোজাহাদা।

কুরআন ও হাদীসে জিহাদ শব্দের বিভিন্ন ধরণের ব্যবহার পাওয়া যায়, কোথাও শুধু جهاد و مجاهدة এসেছে। কোথাও তার পরে في سبيل الله যুক্ত হয়েছে। কোথাও আবার في الله বা فينا যুক্ত হয়েছে। এমনিভাবে سبيل الله শব্দটিও কখনো একাকী ব্যবহার হয়েছে কখনো جهاد এর সাথে মিলে ব্যবহৃত হয়েছে।

এক্ষেত্রে জিহাদের অর্থ বিভ্রাট থেকে বাঁচার জন্যে একটি মূলনীতি অনুসরণ করা যেতে পারে। যা মূলত নুসূসের আলোকে গৃহিত ও অধিক নিরাপদ। এতে ভয়াবহ বিভ্রান্তি ও অনর্থক ভোগান্তি থেকে মুক্তি পাওয়া যাবে। ইনশাআল্লাহ।

যেখানে শুধু مجاهدة শব্দ এসেছে অথবা তারপর في الله বা فينا এসেছে। সে আয়াতগুলো "আম" (ব্যাপক)। অর্থাৎ সেখানে জিহাদ শব্দটির আভিধানিক যে অর্থে ব্যাপকতা আছে তা উদ্দেশ্য হতে পারবে।

এ সকল ক্ষেত্রে মুফাস্সিরগণের নীতি হল তারা ১টি دين শব্দ উহ্য রেখে তাফসীর করেন। যেমন আল্লাহর বাণী,

وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادِهِ} الحج : ٧٨ --- [أي في دين الله

অর্থ: "আর তোমরা আল্লাহর পথে সর্বশক্তি ব্যয় করো।" (সূরা হজ্জ, আয়াত ৭৮)

অর্থাৎ 'যারা আল্লাহর দ্বীনের জন্যে পূর্ণ শক্তি ব্যয় করে।' অনুরুপ আল্লাহর বাণী

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ.

অর্থ: "যারা আল্লাহর দ্বীনের জন্যে প্রাণান্ত কর প্রচেষ্টা চালায় আমি তাদের বহু পথের সন্ধান দেই।" (সূরা আনকাবুত, আয়াত ৬৯)

এই আয়াতদ্বয় এবং এ জাতীয় অন্যান্য আয়াত দ্বীনের সকল প্রচেষ্টাকে শামিল করে। যে কেউ যে কোনো পদ্ধতিতে দ্বীনের জন্য কোনো প্রচেষ্টা করবে, সে এই আয়াতগুলোর উদ্দেশ্য হতে পারবে।

কিন্তু যেখানে জিহাদ শব্দ এসেছে কিংবা مجاهدة মূল ধাতুর সাথে في سبيل الله যুক্ত হয়েছে। অথবা কোথাও শুধু في سبيل الله বলা হয়েছে (যেমনটা যাকাতের হকদার ও আল্লাহর রাস্তায় খরচের আলোচনায় এসেছে) তো এই সকল আয়াত দ্বারা جهاد এর খাছ (বিশেষ) অর্থ উদ্দেশ্য। এ কারণেই সূরা তাওবার যেখানেই جهاد শব্দ এসেছে সেখানেই শাহ আব্দুল কাদের দেহলবী এবং তার অনুসরণে শাইখুল হিন্দ (রহ.) যুদ্ধ করা অর্থ লিখেছেন।

এমনিভাবে হাদীস গ্রন্থগুলোতে ابواب الجهاد ও فضائل الجهاد নামে যে শিরোনামগুলো এসেছে সেখানেও এই বিশেষ অর্থ উদ্দেশ্য। আপনি চিন্তা শক্তিকে জাগ্রত রেখে অধ্যায়গুলো পাঠ করেন। তাহলে দেখবেন في سبيل الله এর বর্ণনাগুলো যেখানে উল্লেখ আছে, সেখানেই জিহাদ উদ্দেশ্য।

এতে বুঝা গেল في سبيل الله শব্দটিও ইসলামের একটি বিশেষ পরিভাষা। যার সুনির্দিষ্ট অর্থ হল আল্লাহর রাস্তায় যুদ্ধ করা। কিন্তু শত দুঃখের বিষয় আমাদের তাবলীগী ভায়েরা এই আয়াতগুলোকে "আম" (ব্যাপক) করে দিয়েছে। এমনকি শুধু "আম"ই নয় বরং নিজেদের কাজের সাথে "খাছ" (সীমাবদ্ধ) করে নিয়েছে।

কারণ তারা দ্বীনের কাজগুলোর মধ্যে শুধু তাবলীগকেই জিহাদ বলে। অন্যান্য দ্বীনি কাজ যেমন তা'লীম, তাদরীস, তাফসীর, তা'লীফ ইত্যাদি কিছুকেই জিহাদ বলে না। বরং তাবলীগের কিছু সাধারণ সাথী ভাই তো এমন আছে, যারা এগুলোকে দ্বীনের কাজই মনে করে না। আর যখন তারা নিজেদের কাজকেই জিহাদ নাম দিয়ে দিয়েছে। তখন কুরআন ও হাদীসে যেসব জিহাদের ফজীলত বর্ণিত হয়েছে তা ঢালাওভাবে নিজেদের কাজের জন্য ব্যবহার করা শুরু করেছে। আজ বাধ্য হয়ে শত আক্ষেপের সাথে বলতে হয়,

তাবলীগী ভাইদের এই কাজগুলো কোনভাবেই সহীহ হচ্ছে না।

জিহাদ ইসলামের একটি বিশেষ পরিভাষা। কুরআন ও হাদীসে যখন এই শব্দ উল্লেখ করা হয় তখন এর দ্বারা قتال في سبيل الله উদ্দেশ্য হয়। তবে হ্যাঁ কিছু কিছু কাজকে জিহাদের সাথে মিলানো হয়েছে। এই মিলানোটুকুই এ কাজগুলোর ফজীলতের জন্য যথেষ্ট। যেমন হাদীসে আছে :

قال رسول الله صلى الله عليه و سلم من خرج في طلب العلم كان في سبيل الله حتى يرجع

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে ইলম খোঁজার জন্যে বের হয় সে ফিরে আসা পর্যন্ত আল্লাহর রাস্তায় আছে।"

এখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইলম অন্বেষণের পথকে في سبيل الله আখ্যা দিয়ে জিহাদের সাথে তুলনা করলেন। এই তুলনা করাটাই তালেবে ইলমের জন্যে ফজীলত। এর থেকে আগে বাড়ার কোন অধিকার কারো নেই। এমনিভাবে দাওয়াত ও তাবলীগের কাজকেও في سبيل الله এর সাথে মিলানো যেতে পারে। আর মিলানোটাই তার ফজীলাত হবে। কিন্তু তাই বলে জিহাদের সমস্ত ফজীলত তার সাথে প্রয়োগ করা جهاد في سبيل الله কে তাবলীগের সাথে "খাছ" করা বা سبيل الله কে "আম" করা তাবলীগকেও এর উদ্দেশ্য বানানো সম্পূর্ণ ভ্রান্ত ও ভিত্তিহীন দাবি ছাড়া কিছুই নয়। এই কথাগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। সর্বদা স্বরণ রাখা জরুরী।

মোট কথা এই في سبيل الله পরিভাষাটি কুরআন ও হাদীসে عام(ব্যাপক) না خاص এ ব্যাপারে মতানৈক্য রয়েছে। তবে আলোচনা পর্যালোচনার পরে মাছরাফে যাকাতের(যাকাতের ব্যয়ের খাত) আলোচনায় এই কথাই সিদ্ধান্ত হয়েছে যে, في سبيل الله একটি বিশেষ পরিভাষা অর্থাৎ خاص এবং সকল মুহাদ্দিসীনের কর্ম পদ্ধতিও এটাই ছিল (অর্থাৎ في سبيل الله কে বিশেষ পরিভাষা হিসাবে ব্যাবহার করেছেন)। তারা সকলেই في سبيل الله শব্দ সম্বলিত সমস্ত হাদীসকে كتاب الجهاد। অর্থাৎ জিহাদের অধ্যায়ে উল্লেখ করেছেন। তার মানে তাদের নিকটও এটা বিশেষ পরিভাষা এবং এর সাথে সম্পৃক্ত ফজীলতসমূহ একটি বিশেষ কাজের জন্যে নির্ধারিত। কিন্তু তাবলীগ জামাতের ভাইয়েরা في سبيل الله সংক্রান্ত হাদীসগুলোকে عام (ব্যাপক) করে ফেলেছেন। বরং তারা নিজেদের কাজকেই ঐ সকল হাদীসের مصداق বা প্রয়োগ ক্ষেত্র সাব্যস্ত করেছেন।

তারা মেশকাতুল মাসাবীহ হাদীসের কিতাব থেকে তাবলীগী কাজের জন্য যে মুন্তাখাব নির্বাচিত সংকলন রচনা করেছেন, তাতে জিহাদের অধ্যায় পুরোটাকেই শামেল কারেছেন। এর দ্বারা স্পষ্ট উদ্দেশ্য এটাই যে, তাদের কাজও একটি জিহাদ। এ বিষয়ে মাওলানা ওমর পালনপুরী রহ. এর সাথে অধমের আলোচনা ও চিঠি আদান প্রদান হয়েছে।

হযরতের মনোভাব এমন ছিল যে, আমাদের তাবলীগী কাজও জিহাদ। তিনি এক চিঠিতে নিজের দলিল হিসাবে এ কথা আমাকে লিখেছেন যে, তিরমিযি শরীফের একটি রেওয়ায়েত তাবেঈ উবায়াহ্ রহ. মসজিদে যাওয়াকে في سبيل الله এর প্রয়োগ ক্ষেত্র সাব্যস্ত করেছেন। তাহলে দাওয়াত ও তাবলীগের কাজে কেন তা প্রয়োগ করা যাবে না? আমি উত্তরে লিখেছি যে,

প্রথমত:

উবায়াহ্ রহ. কোন সাহাবী নন। হানাফী আলেমদের নিকট সাহাবীদের কথা حجت বা দলিল। কিন্তু তাবেঈদের ব্যাপারে স্বয়ং ইমাম আবু হানীফা (রহ.) এর কথা হল هم رجال ونحن رجال (তারাও মানুষ আমরাও মানুষ) অর্থাৎ তাঁদের কথা আমাদের হানাফী আলেমদের নিকট حجت (স্বতন্ত্র দলিল) নয়। যদি কোন সাহাবী এই পরিভাষাটিকে عام (ব্যাপক) করতেন তাহলে একটা কথা ছিল।

দ্বিতীয়ত:

একমাত্র দাওয়াত ও তাবলীগই কেন এর প্রয়োগ ক্ষেত্র হবে? যদিও কোন কোন ভাইকে বলতে শুনা যায় تبليغ هي ديني كام هي তাবলীগই দ্বীনী কাজ। হযরত রহ. এমনটা বলতেন না। যদিও তিনি هي "একমাত্র" ব্যবহার না করে هي "ও" বলতেন। অর্থাৎ তাবলীগও দীনী কাজ। কিন্তু তাবলীগ জামাতের সাধারণ ভাইয়েরা هي "ও" কে هي "ই" দ্বারা পাল্টে দিয়েছে। মোটকথা, তারা নিজেদের কাজকেই জিহাদ বলে। বরং তারা হয়তো হাকীকী জিহাদকেও জিহাদ মনে করে না। তাদের মতে জিহাদের ফজীলাতগুলোও দাওয়াত ও তাবলীগের মাঝে সীমাবদ্ধ।

তৃতীয়ত:

অন্য সকল দ্বীনী কাজ সম্পাদনকারীরা যেমন দ্বীনী শিক্ষাদান ও লেখালেখীতে ব্যস্ত আলেমরা নিজেদের কাজের জন্য في سبيل الله ও জিহাদের ফজীলত সাব্যস্ত করেন না। এরপরেও কেন তাবলীগের ভাইয়েরা এসকল হাদীসগুলোকে তাদের কাজের ক্ষেত্রে ব্যবহার করেন? এই চিঠির পর শ্রদ্ধেয় মাওলানা ওমর পালনপুরী সাহেবের পক্ষ থেকে এই বিষয়ে আর কোন চিঠি আসেনি।

কোন এক চিঠিতে শ্রদ্ধেয় মাওলানা সাহেব একটি যুক্তি পেশ করে ছিলেন যে, জিহাদ হল حسن لغيره (সত্ত্বাগত ভালো নয় অন্য কারণে ভালো) বাহ্যিক দৃষ্টিতে জিহাদ হল জমীনে ফাসাদ সৃষ্টি করা। আর দাওয়াতে তাবলীগ স্বয়ং حسن لذاته (সত্ত্বাগত ভালো) এটা হল আল্লাহ তা'আলা ও সৎকাজের প্রতি দাওয়াত সুতরাং যে সব ফজীলাত ও সওয়াব حسن لغيره এর জন্যে, তা حسن لذاته এর জন্যে কেন হবে না?

আমি উত্তরে আরজ করেছিলাম এভাবে قياس (যুক্তি) দ্বারা সওয়াব সাব্যস্ত করা গ্রহণ যোগ্য নয়। কেননা কিয়াসটা শরঈ আহকামের ক্ষেত্রে প্রযোজ্য, সওয়াব বা ফাজায়েল এবং এ জাতীয় অন্যান্য توقيفي বিষয়ে কিয়াস চলে না। (তাওকীফী বলা হয় এমন বিষয় যার বাস্তবতা বান্দার বিবেক দ্বারা নিরূপণ করা যায় না। যেমন কোন্ সূরা পাঠে কি সওয়াব কোন্ আমলে কি সওয়াব ও কোন্ আমলে কত গুনাহ এক্ষেত্রে আকল ব্যবহার করে কোন সীদ্ধান্তে পৌঁছার অধিকার শরীয়ত কাউকে দেয়নি। বরং কুরআন ও হাদীসে যতটুকু বলা হয়েছে, তা সেভাবেই বহাল রাখতে হবে।)

অর্থাৎ এসকল স্পষ্ট বিষয়ে কুরআন হাদীসের প্রমাণ আবশ্যক। তাছাড়া সওয়াবের কম বেশী কষ্টের অনুপাতে হয়ে থাকে। (যেমন হাদীসে দূর থেকে মসজিদে আগমকারীর বেশী সওয়াবের কথা বলা হয়েছে) আর আল্লাহই ভালো জানেন, কোন কাজে কি পরিমাণ কষ্ট ও এর সওয়াব কি হবে। দুনিয়ার মানুষ এ ব্যাপারে কিছুই জানে না। স্পষ্ট কথা হল, কষ্টের বিবেচনায় পারিভাষিক جهاد فی سبیل الله এর ধারে কাছেও তাবলীগী কাজ পৌছতে পারবে না। এরপরও কিভাবে জিহাদের সওয়াব ও ফজীলাত ঐ কাজের জন্য প্রযোজ্য হতে পারে। আজ পর্যন্ত মুহাক্কিক আলেমদের কেউই এসকল বর্ণনাকে অন্য কোন দ্বীনী কাজে ব্যবহার করেন নি।

পরবর্তীতে শ্রদ্ধেয় হযরতের একটি চিঠি আসল যে, আমি ঐ বিষয়ে আপনাকে মাওলানা সাঈদ আহমাদ খান মুহাজেরে মদীনার সাথে আলোচনা করাবো। উত্তরে লিখে দিয়েছি, আমি হযরত মাওলানা সাঈদ আহমাদ খান সাহেবের সাথে আলোচনা করতে চাই না। আমি তাকে নিজের থেকে অনেক বড় মনে করি। তিনিও আমাকে মহব্বত করেন। তাছাড়া তিনি এতটাই বয়স্ক হয়েছেন যে, আমার আলোচনা তার অসন্তুষ্টির করণ হতে পারে।

হ্যাঁ! বিশিষ্ট তাবলীগী হযরত মাওলানা উবাইদুল্লাহ বালিয়াযী এর সাথে আমাকে আলোচনা করিয়ে দিন। তিনি ইলমী মানুষ। আর ইলমী মানুষ আলোচনার মাঝে রেগে যাবেন না। পরে তাদের কারো সাথেই আর আলোচনা হয় নি। ইতিমধ্যে তাঁরা তিনজনই মারা গেছেন। আল্লাহ তা'আলা তাঁদেব নেক কাজের প্রতিদান দান করুন। আমীন।

ফায়দা :

উপরোক্ত আলোচনায় هي "ও" এবং هي "ই" এর কথা হয়েছে। এটা একটি উদাহরণ দ্বারা ভালোভাবে বুঝা যায়। হিন্দুস্তানে একটি বড় হিরোক খন্ড, কোহিনুর। এটা অত্যন্ত মূল্যবান হিরা। যদি তা হাত থেকে পরে ছোট বড় পাচঁ টুকরা হয়ে যায় তাহলেও এ টুকরাগুলো মূল্যহীন হবে না। প্রতিটি টুকরার কিছু না কিছু মূল্য থাকবেই। কিন্তু কোন টুকরার এই অধিকার নেই যে, সে বলবে, আমিই ঐ কোহিনূর। হ্যাঁ প্রতিটি টুকরা একথা বলতে পারবে যে, "আমিও কোহিনুর" মানে উহার একটি অংশ।

উক্ত উদাহরণ দ্বারা একথা স্পষ্ট হয় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সাহাবায়ে কেরাম রাযি. এর সকল কাজ একটি পূর্ণ 'কোহিনুর' ছিল। তারাঁ একই সাথে দাঈ, মুবাল্লিগ, মুফাচ্ছির, মুহাদ্দিস, ফকীহ, মুজাহিদ ছিলেন এবং তারা রাজ্যও চালাতেন। কিন্তু পরবর্তীতে এই সব কাজ পৃথক পৃথক হয়ে গেছে। সুতরাং যে কোন দ্বীনী কাজকারীরা এ কথা বলতে পারেন যে, আমিও সাহাবী ওয়ালা কাজ করি। কিন্তু কারোরই এ অধিকার নেই যে, সে বলবে, আমিই একমাত্র সাহাবী ওয়ালা কাজ করি। আল্লাহ তা'আলা আমাদের সকলকে এ বিষয়টি বুঝার তাওফীক দান করুন এবং যে সব ভুল-ত্রুটি হচ্ছে তার সংশোধন করুন। আমীন।

-সূত্রঃ তোহফাতুল আলমায়ী।

মুসলিমদের ভুমিকে প্রতিরক্ষা করা ঈমান আনার পর প্রথম ফরজ

(... ১৪ পৃষ্ঠার বাকী অংশ)

চার. হাম্বলী মাযহাব :

ইবনে কুদামাহ লিখিত কিতাব'আল মুগনি'তে তিনি বলেছেন, "জিহাদ তিনটি অবস্থায় ফরজে আইন হয়ে যায় ঃ

(১) যদি মুসলিম ও কাফির বাহিনীর উভয় পক্ষ যুদ্ধে মিলিত হয় এবং একে অপরের মুখোমুখী হয়।

(২) যদি কাফিররা কোন মুসলিমদের ভূমিতে প্রবেশ করে, তখন সেখানকার মুসলিমদের উপর জিহাদ ফরজে আইন হয়।

(৩) যদি ইমাম অথবা খলিফা মুসলিমদেরকে অগ্রসর হওয়ার জন্য আদেশ দেন, তখন তাদের উপর এটি ফরজে আইন হয়ে যায়।" (আল মুগনি ৮/৩৫৪) এবং ইবনে তাইমিয়া রহ. এর উক্তি, এতে কোন সন্দেহ নেই যে, যদি কোন শত্রু মুসলিম ভূমিতে প্রবেশ করে তবে ঐ ভূমির নিকটবর্তীদের উপর তাদেরকে বহিস্কার করা ফরজে আইন হয়ে যায়। কারণ মুসলিমদের ভূমিসমূহ হলো একটি ভূমির মত। তাই এক্ষেত্রে জিহাদে বের হওয়ার জন্যে পিতা-মাতা অথবা ঋণদাতার কাছ থেকে অনুমতি ব্যতীতই অগ্রসর হওয়া হল ফরজ। বর্ণনাগুলো আহমাদ হতে এসেছে এবং তিনি এ বিষয়ের সাথে একমত পোষণ করেছেন।" (ফাতওয়া আল কুবরা,৪/৬০৮)

উল্লেখিত চার মাযহাবের দালায়েল থেকে এ কথাটি সুস্পষ্টভাবে বুঝে আসে যে, জিহাদ আল্লাহ প্রদত্ত একটি ফরজ বিধান, যা স্বাভাবিক অবস্থায় ফরজে কিফায়া আর বিশেষ অবস্থায় (তথা শত্রু কর্তৃক কোন মুসলিম ভূমি আক্রান্ত হলে) তা নারী-পুরুষ, গোলাম-বাদী, ছোট-বড়, নির্বিশেষে সকলের উপর ফরজে আইন হয়ে যায়। অতএব পাঠক মাত্রই একথা ভালোভাবে বুঝতে পারবেন যে, আজ কাশ্মীর, আফগানীস্তান, ফিলিস্তিন, ইরাকসহ আরো যত মুসলিম ভূমি কাফের কর্তৃক আগ্রাসনের স্বীকার, যেখানে মুসলিমরা তাদের অত্যাচারে নির্যাতিত ও নিষ্পেষিত, মুসলিম মা-বোনদের ইজ্জত লুণ্ঠিত, এমতাবস্থায় সেখানকার মুসলিমরা তাদের পরিপূর্ণভাবে প্রতিহত করতে পারছে না। সুতরাং এই সকল কারণে জিহাদ যে আজ সকল মুসলিমের উপর ফরজে আইন, এতে কোনো সন্দেহ নেই।

-ধারাবাহিকভাবে চলবে...

আন্তর্জাতিক জিহাদ : বিভিন্ন সংশয় নিরসন

উস্তাদ আহমাদ ফারুক (হাফিজাহুল্লাহ) -এর সাক্ষাৎকার
বিভাগীয় প্রধানঃ তানজিম আদ-দাওয়া, আল কায়েদা পাকিস্তান।

فَقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ لَا تُكَلَّفُ إِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِينَ عَسَى اللَّهُ أَنْ يَكُفَّ بَأْسَ الَّذِينَ كَفَرُوا وَاللَّهُ أَشَدُّ بَأْسًا وَأَشَدُّ تَنْكِيلًا.

অর্থ: "অতএব তুমি আল্লাহর রাস্তায় লড়াই কর। তুমি শুধু তোমার নিজের ব্যাপারে দায়িত্বপ্রাপ্ত এবং মুমিনদেরকে উদ্বুদ্ধ কর। আশা করা যায় আল্লাহ অচিরেই কাফিরদের শক্তি প্রতিহত করবেন। আর আল্লাহ শক্তিতে প্রবলতর এবং শাস্তিদানে কঠোরতর।" (সূরা নিসা ৪, আয়াত ৮৪)

(আস-সাহাব মিডিয়া এর পরিবেশনায় উস্তাদ আহমাদ ফারুকের (হাফিজাহুল্লাহ) সাক্ষাৎকার, যিনি পাকিস্তানে তানজীম আল-কায়েদার প্রধান। সাক্ষাৎকারটি উর্দূ থেকে অনুবাদ করা হয়েছে)

প্রথম পর্ব ঃ বিষয় ঃ আন্তর্জাতিক জিহাদ এবং এর বিভিন্ন সংশয় নিরসনঃ

আজ আমরা উস্তাদ আহমাদ ফারুকের সাথে সাক্ষাৎকারের জন্য তাঁর নিকটে উপস্থিত হয়েছি, ওস্তাদ আহমেদ ফারুক হচ্ছেন পাকিস্তানের তানজীম আল-কায়দার দাওয়াহ্ বিভাগের প্রধান। আর আজ প্রথমবারের মত তানজীম আল-কায়দার কোন নেতার সাথে উর্দূ ভাষায় আসসাহাবের পক্ষ থেকে সাক্ষাৎকার নেয়া হচ্ছে। আজ এই সাক্ষাৎকারের প্রথম অংশ উপস্থাপন করা হচ্ছে, যেখানে আমরা সারা বিশ্বজুড়ে জিহাদ এবং এর ফারযিয়াতের বিষয়ে বিভিন্ন সংশয় নিয়ে আলোচনা করবো ইন্‌শাল্লাহ। সবার আগে আমরা উস্তাদ আহমেদ ফারুকের কাছ থেকে তানজীম আল-কায়দার পরিচিত জানতে চাইবো।

উস্তাদ আহমাদ ফারুক : আল-হামদুলিল্লাহ ওয়াস-সালাতু ওয়াস-সালামু আলা রাসুলিল্লাহ। ওয়া আলা আলিহী ওয়া সাহবিহী আজমায়ীন, অতঃপর বিষয় হচ্ছে ...

তানজীম কায়দাতুল জিহাদ, যা সারা বিশ্বে আল-কায়দা নামে পরিচিত। এটি পুরো দুনিয়া থেকে ফিত্‌নাকে নির্মূল করা, আল্লাহ্‌র কালেমাকে সবার উপরে তুলে ধরা এবং খিলাফত 'আলা মিনহাজুন নবুয়াত'কে ফিরিয়ে আনার জন্য জিহাদের একটি তানজীম, যার আমীর হচ্ছেন শাইখ ওসামা বিন লাদেন (আল্লাহ্ তাঁকে সকল খারাপ কিছু থেকে হিফাজত করুন, জিহাদের এই পথের উপর দৃঢ় থাকার তৌফিক দান করুন এবং তাঁর সিদ্ধান্তের উপর তিনি বরকত দান করুন।)

মূলতঃ এর পরিচিতি এতটুকুই। তবে আল-কায়দার পরিচয় দেয়ার আরেকটি ভিন্ন দৃষ্টিভঙ্গি হল, এখন এটি কেবল একটি তানজীমের মধ্যেই সীমাবদ্ধ নেই - যেখানে কিছু অনুসারী ও সমর্থক থাকে। বরং এটি এখন একটি মানহাজের নাম। যেখানেই কুফ্‌ফারদের বিরুদ্ধে মোকাবিলা, প্রতিরোধ ও জিহাদের কথা শোনা যায়, যেখানেই তাওয়াগীতদের চোখের উপরে চোখ রেখে তাদেরকে উত্তেজিত করার কথা শোনা যায় এবং যেখানেই এই উম্মতের মুক্তি ও এর পক্ষে ক্বিতালের কথা শোনা যায়, সেখানে একই সাথে আল-কায়দার নাম চলে আসে। তাই জিহাদ এবং আল-কায়দা এই দু'টি শব্দ এখন একে অপরের সাথে সম্পৃক্ত। আর এই দৃষ্টিভঙ্গি থেকে আলোচনা করলে এটি এখন আর গতানুগতিক কোন তানজীমের মধ্যে সীমাবদ্ধ নেই, বরং উম্মতের পক্ষ থেকে যে কেউই শরয়ী মানহাজ অনুযায়ী ক্বিতাল করবে, সে দুনিয়ার যেখানেই অবস্থান করুক অথবা যে নামেই কাজ করুক না কেন, তাঁরা আমাদের থেকে এবং আমরা তাঁদের থেকে এবং এ বিষয়ে শেষ কথা হল যখন আমরা তানজীম নিয়ে আলোচনা করছি, এটি তো এই যুগের নাজেলাতুন মিনান নাওয়াজেল। কারণ বর্তমানের মুসলিমদের উপর এমন শাসকেরা এসে চেপে বসেছে, যারা নিজেরা তো জিহাদের দায়িত্ব পালন করছেই না, উল্টো তারা জিহাদের পথে প্রথম বাঁধা হয়ে দাঁড়িয়েছে। তা না হলে এটি শুধু কোন তানজীমের একক কোন ফারযিয়াত নয়, বরং এই ফারযিয়াত হচ্ছে পুরো খিলাফতের বা মুসলিম শাসকের উপর। এই বিশৃংখলাপূর্ণ পরিস্থিতিতে শুধু এই ফরযকে আদায় করার উদ্দেশ্যেই আমরা তানজীম আকারে একত্রিতভাবে কাজ করে যাচ্ছি। অন্যথায় আমরা নিজেদেরকে এই উম্মতেরই একটি অংশ মনে করি আর কোন ব্যাপারেই নিজেদেরকে আলাদা মনে করি না। ঠিক যেভাবে আল্লাহ্ তা'আলা আমাদের পরিচয় দিয়েছেন,

وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادِهِ هُوَ اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ مِلَّةَ أَبِيكُمْ إِبْرَاهِيمَ هُوَ سَمَّاكُمُ الْمُسْلِمِينَ مِنْ قَبْلُ وَفِي هَذَا لِيَكُونَ

الرَّسُولُ شَهِيدًا عَلَيْكُمْ وَتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ فَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَاعْتَصِمُوا بِاللَّهِ هُوَ مَوْلَاكُمْ فَنِعْمَ الْمَوْلَى وَنِعْمَ النَّصِيرُ.

অর্থ: "আর তোমরা আল্লাহর পথে জিহাদ করো, যেভাবে জিহাদ করা উচিৎ। তিনি তোমাদেরকে মনোনীত করেছেন। দীনের ব্যাপারে তিনি তোমাদের উপর কোন কঠোরতা আরোপ করেননি। এটা তোমাদের পিতা ইবরাহীমের দীন। তিনিই তোমাদের নাম রেখেছেন 'মুসলিম' পূর্বে এবং এ কিতাবেও। যাতে রাসূল তোমাদের জন্য সাক্ষী হয় আর তোমরা মানুষের জন্য সাক্ষী হও। অতএব তোমরা সালাত কায়েম কর, যাকাত দাও এবং আল্লাহকে মজবুতভাবে ধর। তিনিই তোমাদের অভিভাবক। আর তিনি কতই না উত্তম অভিভাবক এবং কতই না উত্তম সাহায্যকারী!" (সূরা হজ্জ ২২, আয়াত ৭৮)

আর ঠিক একইভাবে আমাদের পরিচয় হচ্ছে আমরা মুসলিম ও মুসলিম জাতির একটি অংশ এবং এর মুক্তির জন্যই আমরা জিহাদ করে যাচ্ছি।

আস-সাহাব : আল-কায়দার ব্যাপারে সাধারণদের মধ্যে বলতে শোনা যায় যে, এটি শুধু আরব ভিত্তিক একটি তানজীম। তাহলে পাকিস্তানের মানুষ এখানে কিভাবে অন্তর্ভূক্ত হল?

উস্তাদ আহমাদ ফারুক : এ ব্যাপারে এতটুকু বলা যেতে পারে যে, যাঁরা এর প্রতিষ্ঠালগ্নে ছিলেন, তাঁদের অধিকাংশই এখন শহীদ হয়েছেন এবং তাঁদের অধিকাংশই আরবদের মধ্য থেকে ছিলেন আর এখনও আল-কায়দার বড় একটি অংশ আরব মুজাহিদীনদের মধ্য থেকে আছেন। কিন্তু এটি না এর পরিচিতির কোন অংশ আর না এর সাথে শরীক হওয়ার জন্য এটি কোন শর্ত। এ বিষয়ে আমি প্রথমেই বলেছিলাম যে, এটি হচ্ছে ইসলামের দুশমনদের বিরুদ্ধে ক্বিতালরত একটি মাজমু'আর নাম। তাই যে কেউই আহলে সুন্নাহ ওয়াল জামাতের আক্বীদার উপর কায়েম আছেন, শরয়ী হুকুম মোতাবেক জিহাদের ফারযিয়াত আদায় করে যাচ্ছেন তিনি এর মধ্যে অন্তর্ভূক্ত হতে পারবেন। তিনি যে কোন গোত্রের, বংশের অথবা এলাকারই হোন না কেন। ইসলামে তো আমাদেরকে এ ধরনের পার্থক্য শেখানো হয়নি। তাই আমরা দেখতে পাচ্ছি আল-জাজায়ের (আলজিরিয়ার) মধ্যেও আল-কায়দা কাজ চালিয়ে যাচ্ছে, ঠিক একইভাবে ইরাক, আফগানিস্তান এবং পাকিস্তানের মধ্যেও আল-কায়দা কাজ করে যাচ্ছে। এছাড়াও যদি আমরা দেখি যারা আমেরিকায় আছেন অথবা ইউরোপে বা অস্ট্রেলিয়ায় কিংবা ফিলিপাইন ও ইন্দোনেশিয়ার মধ্যে অথবা বিশ্বের অন্য কোনখানে সেখানকার মুসলিমরাও এর সাথে সামিল রয়েছেন। এখানে সব জায়গা থেকেই মানুষ শরীক হচ্ছে আর ঠিক একইভাবে পাকিস্তানের মানুষও এর মধ্যে অন্তর্ভূক্ত আছেন, এতে আশ্চর্য হওয়ার মত কোন কিছুই নেই।

আস-সাহাব : এইমাত্র আপনি যাদের বিষয়ে উল্লেখ করলেন, তাদের ব্যাপারে জিহাদের পথকেই কেন আপনারা বেছে নিয়েছেন?

উস্তাদ আহমাদ ফারুক : দেখুন! এটি তো আমাদের নিজস্ব মনগড়া কোন সিদ্ধান্ত নয়, আল্লাহ্‌র গোলাম ও বান্দা হিসেবে আমরা এই দুনিয়াতে জীবন-যাপন করছি, এটি এমন এক ফরয ইবাদত, যার জন্য আমরা দুনিয়াতে এসেছি, যে ব্যাপারে আল্লাহ্ বলেছেন,

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ.

অর্থ: "আর জিন ও মানুষকে কেবল এজন্যই সৃষ্টি করেছি যে তারা আমার ইবাদাত করবে।" (সূরা জারিয়াত ৫১, আয়াত ৫৬)

সুতরাং আল্লাহ্ (তা'আলা) আমাদেরকে একমাত্র তাঁর ইবাদত করার জন্যই সৃষ্টি করেছেন। তাই আমাদের জীবনের অন্যান্য ক্ষেত্রে যেমনিভাবে আমরা একমাত্র আল্লাহ্‌র শারিয়াহ্ অনুযায়ী আমল করার চেষ্টা করে থাকি, ঠিক একইভাবে আল্লাহ্‌র কালেমাকে কিভাবে সবার উপরে তুলে ধরা যায় এবং নবুয়তী পন্থায় কিভাবে আবার খিলাফত ব্যবস্থাকে ফিরিয়ে আনা যায়- এ সকল গুরুত্বপূর্ণ বিষয়েও আমরা শারিয়াহ্ অনুযায়ী আমল করার চেষ্টা করে থাকি।

শারিয়াহ্ থেকেই আমরা জানতে পারি ও দিক-নির্দেশনা পাই যে, জিহাদের মাধ্যমেই এর বাস্তবায়ন করা সম্ভব। জিহাদের আহ্কামের বিষয়ে শারিয়াহর বহু জায়গায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে এবং আমাদের পূর্ববর্তী সালাফ ও খালাফ আলেমগণের মধ্যে এ বিষয়ে ঐক্যমত রয়েছে যে, কিছু পরিস্থিতিতে জিহাদ হচ্ছে ফারদুল কিফায়া আর কিছু পরিস্থিতে তা ফারদুল আইন- যার অর্থ হচ্ছে উম্মতের সকল মুসলিমের উপর তা ফরয -কেবল তারা ব্যতীত যাদের উপরে শরয়ী ওজর রয়েছে।

যে পরিস্থিতে আজ আমরা জীবিত আছি এবং যার মধ্যে দিয়ে আমরা চোখ খুলেছি, বিশেষ করে বিগত কয়েক শতক ধরে যখন কুফ্ফাররা ইউরোপের এলাকাগুলোকে আমাদের কাছ থেকে জবর দখল করে নেয়া শুরু করল, তখন থেকেই ফুকাহাগণ এর ফারযিয়াতের বিষয়ে আলোচনা করে আসছেন এবং যে সকল পরিস্থিতির কথা উল্লেখ করেছেন তার আলোকে জিহাদ এখন ফারদুল 'আইন। ফুকাহাগণ যে সকল পরিস্থিতে জিহাদ ফারদুল 'আইন বলেছেন তা হল:

১) মুসলিমদের ভূমির এক বিঘত জায়গাও যদি কুফ্ফাররা দখল করে নেয়।

২) মুসলিমদের থেকে কোন পুরুষ অথবা কোন মহিলাকে যদি কুফ্ফাররা বন্দী করে ফেলে।

৩) অথবা মুসলিমদের শাসক যদি মুরতাদ (দ্বীন ত্যাগী) হয়ে যায়, তাহলে তাকে সরানোর জন্য জিহাদ ফারদুল আইন হয়ে যায়।

আজ আমরা যদি পরিস্থিতি নিয়ে আলোচনা করতে যাই, তাহলে একদিক থেকে নয় বরং সব দিক থেকেই আমরা দেখবো যে আজ পূর্বের চেয়েও আরো জোড়ালোভাবে জিহাদ ফারদুল 'আইন হয়ে গেছে।

আমরা জিহাদের রাস্তাকে কেন বেছে নিয়েছি? এ কারণেই বেছে নিয়েছি যে, জিহাদকে আমরা আমাদের উপর ফারদুল 'আইন মনে করি, শুধু আমাদের উপরেই নয়, বরং পুরো উম্মতের উপরেই জিহাদ এখন ফারদুল 'আইন। তাই আমরা আমাদের ফারযিয়াত আদায় এবং আল্লাহর আদেশ পালন করার উদ্দেশ্যেই জিহাদ করার জন্য ঘর থেকে বের হয়েছি। আর আমি এটিও বলব, যে পরিস্থিতি বর্তমানে এই উম্মতের উপর দিয়ে যাচ্ছে, সম্ভবত: ইসলামের ইতিহাসে এ ধরনের অবমাননাকর পরিস্থিতির উপর দিয়ে এর পূর্বে মুসলিমরা কখনো অক্রিম করেনি। যখন আমাদের ভূমিগুলোকেও আমাদের থেকে জোড় করে ছিনিয়ে নেয়া হচ্ছে, অথচ এমন একটি সময় ছিল যখন

আমরা সারা দুনিয়ার দুই-তৃতীয়াংশ শাসন করেছি আর এখন এমন একটি সময়ের মধ্য দিয়ে যাচ্ছি যখন সারা দুনিয়ায় এক টুকরো ভূমিও খুঁজে পাওয়া যায় না যেখানে আল্লাহ্(তা'আলা)-র শারিয়াহ্ অনুযায়ী শাসন করা হচ্ছে। আমাদের এক দু'জন ভাই নয় বরং হাজার হাজার মুজাহিদীন, দা'য়ী, আলেমগণ এমনকি আফিয়া সিদ্দীকির মত বোনরা (আল্লাহ উনাদেরকে মুক্তি দিন) পর্যন্ত কুফ্ফারদের কারাগারের মধ্যে বন্দী রয়েছে, যাদেরকে মুক্ত করা আমাদের উপর ফরয।

তাই এই দৃষ্টিভঙ্গি থেকে যদি আমরা দেখি, তাহলে আজ এই উম্মত এমন এমন পরিস্থিতির উপর দিয়ে যাচ্ছে যা পূর্বে না এই উম্মত দেখেছিল আর না নীরবতার সাথে তা সহ্য করেছিল। উদাহরণতঃ আল্লাহর কিতাবের সাথে একবার নয় বার বার অবমাননা করা হচ্ছে, আল্লাহর রাসূল صلى الله عليه وسلم -যাকে আমরা আল্লাহ্ (তা'আলা)-র পরে না অন্য কাউকে বেশি ভালোবাসি অথবা সম্মান করি- তাঁকে অনবরত অবমাননা করা হচ্ছে। আর এতগুলো বিষয় একত্রিত হওয়ার পরও যদি আমরা জিহাদের জন্য না দাঁড়াতাম, তাহলে আল্লাহ্র আযাব আসার আশংকা ছিল। সুতরাং এটিই হচ্ছে মৌলিক কারণ যেজন্য আমরা জিহাদের পথকে বেছে নিয়েছি।

আস-সাহাব : কিছু মানুষ যারা দাওয়াতে দ্বীনের কাজে নিয়োজিত রয়েছেন, তারা বলে থাকেন যে, মুজাহিদীনরা আল্লাহর দ্বীনের দাওয়াহ ও তাবলীগের কাজকে গুরুত্বপূর্ণ মনে করে না?

উস্তাদ আহমাদ ফারুক : অবশ্যই না, এটি কিভাবে সম্ভব? আমি এর পূর্বেও বলেছি যে, আমরা তো আল্লাহ(তা'আলা)-র হুকুমের গোলাম। আর যিনি আমাদের উপর জিহাদকে ফরয করেছেন। তিনি আমাদেরকে আদেশ করেছেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ.

অর্থ: "হে মুমিনগণ! তোমরা ইসলামে পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের জন্য স্পষ্ট শত্রু।" (সূরা বাকারা ২, আয়াত ২০৮)

তাই ইসলামের মধ্যে যতগুলো আহ্কামাত রয়েছে, তা জিহাদই হোক অথবা নামাজ, রোজা, হজ্জ, যাকাত, দাওয়াহ্ ইলাল্লাহ্, সৎকাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ ইত্যাদি সবগুলোকেই আমরা আমাদের উপর ফরয মনে করে থাকি। মুজাহিদীনদের তো মুসলিমদের থেকে ভিন্ন অন্য কোন আক্বীদা নেই। তবে প্রত্যেকটি হুকুম শারিয়াহ্ যেভাবে বর্ণনা করেছে এবং ফুকাহাগণ যে ব্যাখ্যা দিয়েছেন, তাকে ঠিক ঐ অবস্থানেই রাখা উচিত। তাই দাওয়াহ-কে আমরা আমাদের দায়িত্ব মনে করে থাকি এতে কোন সন্দেহ নেই, কিন্তু এ বিষয়টিও জানা থাকা উচিত যে, কিছু কিছু পরিস্থিতি এমন হয়ে যায় যখন জিহাদ ফারদুল 'আইন হয়ে যায় আর দাওয়াহ্ হয়ে যায় তখন ফারদুল কিফায়া।

আর যখন জিহাদ ফারদুল 'আইন হয়ে যায়, তখন এমনই একটি বিশৃংখলাপূর্ণ পরিস্থিতিতে উপনীত হয় যে, সকল ফুকাহাগণ লিখেছেন তখন সন্তানকে তার পিতার কাছ থেকে, দেনাদারকে পাওনাদারের কাছ থেকে, দাসকে তার মনিবের কাছ থেকে, এমনকি স্ত্রীকে তার স্বামীর কাছ থেকেও অনুমতি নেয়ার প্রয়োজন হয় না। প্রত্যেককেই তার দায়িত্ব পালনে এগিয়ে আসতে হয়। এই বিশেষ পরিস্থিতিতে জিহাদ যখন ফারদুল 'আইন হয়ে যায়, যখন এর সাথে অন্য কোন কাজ সাংঘর্ষিক হয় তখন জিহাদকেই প্রাধান্য দিতে হবে। আর আমরাও এই একই আক্বীদা পোষণ করি যে, দাওয়াহর কাজও করবো; যেমনিভাবে আপনার সাথে আলোচনার মাধ্যমে হচ্ছে এবং আপনিও যেই কাজের মধ্যে নিয়োজিত রয়েছেন। আমরা মুজাহিদ হওয়া সত্ত্বেও মানুষের কাছে দাওয়াহ্ পৌঁছিয়ে যাচ্ছি। এই দুয়ের মধ্যে কোন বৈপরীত্য নেই, তবে যখন কোন প্রকারের বৈপরীত্য আসে অথবা সাংঘর্ষিক হয়, তখন জিহাদকেই প্রাধান্য দিতে হবে।

কিন্তু যে বিষয়টিকে আমরা ঠিক মনে করি না, তা হল দাওয়াহ-এর কাজকে এমনভাবে উপস্থাপন করা যাতে আজ জিহাদ যে ফারদুল 'আইন তা রহিত হয়ে যায়। দাওয়াহ্ তো আমরা দিয়ে থাকি, প্রত্যেক মুজাহিদ যে যেখানেই আছেন সেখান থেকেই জিহাদের পাশাপাশি দাওয়াহ্ দেয়ারও চেষ্টা করেন। এটি তো এই আলোচনার একটি দিক গেল আর এই আলোচনার আরো একটি দিক হল যা ইমাম শারাখসী (রহ.) বলেছেন, "ক্বিতাল এই জন্য ফরয হয়নি যে শুধুমাত্র যুদ্ধ করা হবে, বরং এটি ফরয হয়েছে যাতে এর মাধ্যমে ইসলামের দাওয়াহ্ পৌঁছানো হয়।" তাই ক্বিতাল স্বয়ং দাওয়াহ্-এর একটি মাধ্যম। তিনি এর পরে বলেন, "দাওয়াহ্-এর দু'টি ধরণ রয়েছে, এক ধরণের হচ্ছে তরবারীর মাধ্যমে দাওয়াহ অর্থাৎ ক্বিতাল। আর দ্বিতীয় প্রকারের দাওয়াহ্ হচ্ছে মুখের মাধ্যমে দাওয়াহ্ অর্থাৎ যাকে আমরা তাবলীগ বলে থাকি।"

তিনি এর সাথে আরো উল্লেখ করেন যে, "মুখের মাধ্যমে দাওয়াহ্ অর্থাৎ তাবলীগ হচ্ছে ক্বিতালের চেয়ে সহজতর একটি কাজ। কেননা, ক্বিতাল হচ্ছে এমন একটি আমল যার দ্বারা নিজের জান ও মালকে ঝুঁকির মধ্যে ফেলা হয়। কিন্তু তাবলীগের মধ্যে এমন কোন কাজ করতে হয় না। তাই আমরা এখন দাওয়াহর মধ্যে প্রথম ধরণটি করে যাচ্ছি যা বেশি কষ্টকর ও বিপদজনক কাজ এবং যার মধ্যে বেশি কুরবানী চাওয়া হয়। আর এ বিষয়টি শুধু তাঁর বর্ণনার মধ্যেই সীমাবদ্ধ নয় বরং আমরা আমাদের নিজেদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে, ক্বিতাল ও তরবারীর মধ্যে আল্লাহ্ সুবঃ তা'আলা দাওয়াহ্-এর এক আশ্চর্যজনক প্রতিক্রিয়া রেখেছেন।

৯/১১ এর বরকতময় হামলার কথা স্মরণ করে দেখুন, এর পরে ইউরোপ এবং আমেরিকায় যে বিপুল পরিমাণে মানুষ ইসলাম গ্রহণ করেছে, তা ইতিপূর্বে বহু বছর ধরে তাবলীগের কাজের মাধ্যমেও সম্ভব হয়ে উঠেনি। কিছু সংখ্যক ভাইয়ের জীবনের কুরবানীর ফলে কুফ্ফারদের ভূমিতেই বিপুল সংখ্যক মানুষ ইসলামের ছায়াতলে আসার জন্য এক দাওয়াহর মাধ্যম তৈরি হয়েছিল। শাইখ ওসামা বিন লাদেন (রহ.) এক আলোচনার মধ্যে একটি খুবই উত্তম কথা বলেছিলেন যে, "মাক্কী সময়ের মধ্যে এমন কিছু উত্তম দা'য়ী দাওয়াহ্ দিচ্ছিলেন এই আসমান ও যমীন যাদের মত কাউকে পূর্বে না কখনো দেখেছিল, আর না পরবর্তীতে কখনো দেখবে। অর্থাৎ স্বয়ং রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর সাহাবীগণ

হযরত আবু বকর রাযি. হযরত উমর রাযি. হযরত উসমান রাযি. হযরত আলী রাযি. প্রমূখ সাহাবীগণ তখন দাওয়াহ্ দিচ্ছিলেন। সেখানে তের বছর যাবৎ দাওয়াহর কাজ চালিয়ে যাওয়ার পর এক শত-এর কিছু বেশি মানুষ ইসলাম গ্রহণ করেছিল। ততক্ষণ পর্যন্ত শুধু মৌখিক দাওয়াহর কাজ করা হচ্ছিল, আর ঠিক এর কিছুদিন পর অর্থাৎ মাদানী সময়ে যখন জিহাদকে ফরয করা হল এবং মক্কা বিজয় করা হচ্ছিল তখন যারা ইসলামের ঘোরতর শত্রু ছিল তাদেরকেও যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে আনা হল এবং তাদেরকে প্রিয় নবীর ব্যাপারে জিজ্ঞাসা করা হল যে তিনি কেমন ব্যক্তি, তখন তারা উত্তরে বলতে লাগলো, 'আপনি একজন সম্ভ্রান্ত পিতার সম্ভ্রান্ত সন্তান'।

এ জন্যই শাইখ উসামা (রহ.) বলেন, এ রকম কেন হল?

যেই ইসলাম তাদের তের বছরের মৌখিক দাওয়াহর মাধ্যমে বুঝে আসে নি, এখন তা অতি অল্প সময়ে কিভাবে বুঝে এসে গেল? তা এ কারণে হয়েছে যে, তরবারী হক্ব কথাকে বুঝতে সহায়তা করে। কেননা মানুষের নফ্স সকল ক্ষেত্রেই এমন নয় যে শুধু প্রমাণ দেখেই দাওয়াহ্-কে কবুল করতে শুরু করে দেয়। যাদের নফ্স প্রশান্ত তারা এভাবে কবুল করে নেয়, তবে অনেক মানুষের ক্ষেত্রেই তার নফসের কামনা-বাসনা, অহংকার এবং স্বেচ্ছাচারিতা তার উপরে বিজয়ী হয়। যার সামনে হক্বের পক্ষ থেকে প্রমাণ পেশ করার পরও বিভিন্ন ধরণের অজুহাত তৈরি করার চেষ্টা করে। তাই এ ধরণের মানুষের জন্যই যখন তরবারী এসে পরে এবং শক্তির শুধু প্রদর্শনী করা হয়, এখানে গর্দনের আঘাত করার কথা বলা হচ্ছে না শুধু প্রদর্শনী করা হয়, তখন সে সহজভাবে দাওয়াহ্ কবুল করে নেয়। আর আমরা এই দৃষ্টিভঙ্গিতে দাওয়াহ্ থেকে আলাদা কোন কাজ করছি না, বরং দাওয়াহর রাস্তায় যে বাঁধা ও প্রতিবন্ধকতা রয়েছে তাই দূর করার চেষ্টা করে যাচ্ছি এবং 'দাওয়াহ্ বিল বানান' অর্থাৎ তরবারীর মাধ্যমে যে দাওয়াহ্ দেয়া হয় তা চালিয়ে যাচ্ছি।

-ধারাবাহিকভাবে চলবে...

জান দেবো, জান্নাত নেবো

-মাওলানা আবু তাহের মিসবাহ

আমি জানি না, আমরা কেউ জানি না, মুসলিম উম্মাহর কত রক্ত ঝরবে আর! সুদূর অতীতের কথা আজ বলবো না, তাতারী চেঙ্গীস, হালাকুদের কথাও তুলবো না। দুইশত বছর ইসলামী জাহানে ক্রুসেডের নামে হিংস্রতা ও বর্বরতার যে তান্ডবলীলা বয়ে গেছে সে প্রসঙ্গ তুলে লাভ নেই।

আমি শুধু জানতে চাই দুর্ভাগা ফিলিস্তিনের কথা। আর কত রক্ত ঝরবে সেখানে ইহুদী হায়েনাদের হাতে?

আমি জানতে চাই প্রজ্জলিত কাশ্মীরের কথা, আর কত রক্ত ঝরবে সেখানে হিন্দু নরপশুদের হাতে?

আমি জানতে চাই বিধ্বস্ত বলকানের কথা আর কত রক্ত ঝরবে সেখানে খৃষ্টান জল্লাদদের হাতে?

আল্লাহকে এক বলে বিশ্বাস করেছি, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সত্য বলে স্বীকার করেছি, এই অপরাধে আর কত রক্ত চায় পৃথিবী আমাদের কাছে? শতাব্দির রক্তস্রোতও কি পারবে না হায়েনাদের রক্ত পিপাসা মিটাতে, তাদের প্রতিহিংসার আগুন নেভাতে? পৃথিবীর আর কোন জাতির বুক থেকে এত রক্ত কি ঝরেছে? আর কোন জাতীর ইজ্জত আবরু কি এভাবে লুন্ঠিত হয়েছে? এমন করে জলে পুড়ে ছারখার হয়েছে কি আর কোন জাতির জনপদ?

এত দিনের রক্তের হিসাব চাই না কারো কাছে, লুন্ঠিত ইজ্জত-আবরুর নালিশও নেই কারো বিরুদ্ধে, হারানো আন্দালুস ফিরে পাওয়ার দাবিও নেই জাতিসংঘের দুয়ারে। শুধু জানতে চাই ইসলামী জাহানের ধ্বংসের এ তুফান কবে বন্ধ হবে? হিন্দু-ইহুদী-নাসারাদের এ নারকীয় উল্লাস কবে বন্ধ হবে? দেশে দেশে আমার মুসলিম মা-বোনের ইজ্জত আবরু কবে নিরাপদ হবে? কোথায় আজ জাতিসংঘ ও তার নিরাপত্তা পরিষদ? কেন আবার নব ক্রুসেডের হুঙ্কার? কেন ধর্মযুদ্ধের এই উম্মাদনা? কেন, কার বিরুদ্ধে, কিসের অপরাধে?

আফগানিস্তান কি মস্কো আক্রমণ করেছিলো? ভিয়েতনাম দখল করেছিল? হিরোশিমা-নাগাশাকিতে আণবিক বোমা ফেলে লাখ লাখ বনি আদমকে হত্যা করেছিল? তবু আফগানিস্তান হলো সন্ত্রাসী আর ওরা সব সাধু-সন্যাসী।

কে হিসাব দিবে ফিলিস্তিন-কাশ্মীরের লাখ লাখ মুসলিমের শহীদী খুনের? কে জবাব দিবে চেচনিয়া-বলকানের অগণিত মা-বোনের লুন্ঠিত আবরু ইজ্জতের? অপরাধ প্রমাণিত এবং অপরাধীও চিহ্নিত। কেন বিশ্ব বিবেক এত নিরাসক্ত, আমেরিকা তবু কেন চোখ থেকেও অন্ধ?

বিপর্যস্ত ও পর্যুদস্ত আফগানিস্তান যুদ্ধ চায় না শান্তি চায়। তালেবান পররাজ্যের দখল চায় না, মুসলিম ভূমির নিরাপত্তা চায়, সেখানে তারা আল্লাহর শাসন কায়েম করবে এবং দিশেহারা মানবতাকে ইসলামের ইনসাফ ও শান্তির নমুনা দেখাবে। গণতন্ত্র ও মানবতার মোড়লদের চোখে এটাই অপরাধ। তাই বিশ্বের একক পরাশক্তি আমেরিকা তার বিশাল সমর সজ্জা নিয়ে প্রায় নিরস্ত্র আফগানিস্তানের উপর ঝাঁপিয়ে পড়েছে, তাহলে কি ধূলায় মিশে যাবে আফগানিস্তান?

হে আল্লাহ!

তোমার নাবীর অসহায় উম্মাহর ফরিয়াদ শুনো, চারদিকে আজ শত্রুর সাজ সাজ রব। আমাদের উপর থেকে ও নীচ থেকে ভয়ঙ্কর এ দুশমন আমাদের ঘিরে ধরেছে। ওদের হাতে আছে আধুনিকতম মরণাস্ত্রের বিশাল ভান্ডার, আমরা নিরস্ত্র অসহায়। আমাদের রক্ষা কর।

গনতন্ত্র এ যুগের সবচেয়ে বড় শিরক

-মূল ঃ শাইখ আবু বাসীর আত তারতুস। অনুবাদ ঃ ইবরাহীম রশীদ

গণতন্ত্র... এ যুগের ফিতনা। যা মাখলুককে ইলাহ ও হাকেম হিসেবে প্রতিষ্ঠিত করেছে আর আল্লাহকে ব্যতিরেকে শরীয়ত প্রণয়ন ও বিচার ব্যবস্থাকে বান্দার জন্য খাছ করেছে। বান্দার ইচ্ছা ও বিচার ব্যবস্থাকে আল্লাহর ইচ্ছা ও বিচার ব্যবস্থার উপর সমুন্নত করেছে। আর এটাই স্পষ্ট কুফুরী এবং দ্বীন থেকে বিচ্যুতি। সুতরাং যে এগুলোকে বিশ্বাস করবে বা এর দিকে আহবান করবে বা এর দ্বারা বিচার ফায়সালা করবে বা এর প্রতি সন্তুষ্ট হবে, তাহলে সে কাফের, মুরতাদ। যদিও সে মুখে দাবী করে যে, সে মুসলিম।

সেই শাসক কাফের, যে কুফুরী আইন-কানুন ও মানব রচিত বিধান দ্বারা আল্লাহর বিধানকে পরিবর্তন করে। সেই বিচারক কাফের, যে আইন প্রণয়নের ক্ষেত্রে নিজেকে আল্লাহর সাথে শরীক সাব্যস্ত করে। অর্থাৎ সে আইন প্রণয়ন করে আল্লাহর আইনের বিরুদ্ধে (আইন প্রণয়নকারী সংস্থার সদস্য)। এমনিভাবে যে আল্লাহর আইন থেকে ফিরে আসে এবং তাগুতী আইনের কাছে বিচার কামনা করে (অর্থাৎ ইসলাম বিরোধী আইনের কাছে বিচার কামনা করা -যেমন বাংলাদেশের বিচার ব্যবস্থা) এবং আল্লাহর বিধানের উপর তাগুতী বিধানকে প্রাধান্য দেয়া (যেমন বাংলাদেশের আইন কানুনকে প্রাধান্য দেয়া আল্লাহর আইন কানুনের উপরে)।

ঐ শাসক কাফের, যে কুফুরী ও শিরকী আইন দ্বারা বিচার করে এবং ঐ শাসক, যে তাগুতী, কুফুরী ও শিরকী আইনগুলোকে রক্ষা করে এবং যারা তাগুতী কুফুরী ও শিরকী আইন পরিবর্তন করে আল্লাহর আইন বাস্তবায়ন করতে চায় তাদের বিরুদ্ধে যুদ্ধ করে। ঐ শাসকের অবস্থাও একই, যে বিদ্বেষবশত, অহংকার করে, অস্বীকার করে কিংবা অপছন্দ করে আল্লাহর আইনকে প্রত্যাখ্যান করে, বা আল্লাহর আইনের বিরুদ্ধাচরণ হালাল মনে করে। একইভাবে ঐ শাসক ও বিচারক, যে আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী বিচার ফায়সালা করে না এবং ঐ শাসক যে আল্লাহর শরীয়াতের বিরুদ্ধে যুদ্ধ করে এবং আল্লাহ যা নাযিল করেছে সেই বিধানের বিরুদ্ধে মানুষকে আহবান করে। সমভাবে ঐ শাসক যে মুসলিম উম্মাহর শত্রুদের সাথে বন্ধুত্ব করে। সুতরাং সে আল্লাহর আইন বাস্তবায়নের পরিবর্তে আল্লাহর শত্রুর আইন বাস্তবায়নে বেশী আগ্রহী হয়।

উপরে উল্লেখিত শাসক ও বিচারকগণ (এখানে বিচারক দ্বারা উদ্দেশ্য যারা আইন প্রণয়ন করে ও সেই আইন অনুযায়ী বিচার করে অর্থাৎ সংসদের এমপি, মন্ত্রি, ও আদালতের বিচারকগণ - যারা আল্লাহর বিধানের বিরুদ্ধে আইন প্রণয়ন করে, সকলেই বিচারক এর মধ্যে অন্তর্ভুক্ত) এরা সকলেই কাফের। সুতরাং যার মাঝেই উপরোল্লেখিত কোন একটা বৈশিষ্ট্য পাওয়া যাবে সেই কাফের, মুরতাদ। তার আনুগত্য করা যাবে না এবং মুসলিমদের উপর তার কোন কর্তৃত্বও নেই এবং মুসলিম রাষ্ট্রের উপরও তার কোন কর্তৃত্ব নেই। সুতরাং যদি সামর্থ থাকে তাহলে তার বিরুদ্ধে শক্তি প্রয়োগ করতে হবে, তার বিরুদ্ধে বিদ্রোহ করতে হবে এবং জিহাদ করতে হবে। উপরোল্লেখিত কারণ সমুহের কুরআন থেকে দলিল,

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ.

অর্থঃ "আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই কাফির।" (সূরা মায়েদা ৫, আয়াত ৪৪) (শানে নুযুলসহ এই আয়াত সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দেখুন তাফসীরে ইবনে কাসীরে)

وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا.

অর্থঃ "তাঁর বিধানে তিনি কাউকে শরীক করেন না।" (সূরা কাহাফ ১৮ঃ আয়াত ২৬)

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ

অর্থঃ "তাদের কি এমন কিছু শরীক আছে, যারা তাদের জন্য দ্বীনের বিধান দিয়েছে, যার অনুমতি তিনি তাদের দেন নি।" (সূরা শুরা ৪২, আয়াত ২১)

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا.

অর্থঃ "তুমি কি তাদেরকে দেখনি, যারা দাবী করে যে, নিশ্চয় তারা ঈমান এনেছে তার উপর যা নাযিল করা হয়েছে তোমার প্রতি এবং যা নাযিল করা হয়েছে তোমার পূর্বে। কিন্তু তারা তাগূতের কাছে বিচার ফায়সালা কামনা করে, অথচ তাদেরকে

নির্দেশ দেয়া হয়েছে তাগুতকে অস্বীকার করতে। আর শয়তান চায় তাদেরকে ঘোর বিভ্রান্তিতে নিমজ্জিত করতে।" (সূরা নিসা ৪, আয়াত ৬০)

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا.

অর্থ: "অতএব তোমার রবের কসম! তারা ততক্ষণ পর্যন্ত মুমিন হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক হিসেবে মেনে নিবে। তারপর তুমি যে ফয়সালা দেবে সে ব্যাপারে নিজদের অন্তরে কোন দ্বিধা অনুভব করবে না এবং পূর্ণ সম্মতিতে মেনে নিবে।" (সূরা নিসা ৪, আয়াত ৬৫) অন্যত্র আরো ইরশাদ হয়েছে,

وَأَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتَابِ وَمُهَيْمِنًا عَلَيْهِ فَاحْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ عَمَّا جَاءَكَ مِنَ الْحَقِّ لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَكِنْ لِيَبْلُوَكُمْ فِي مَا آتَاكُمْ فَاسْتَبِقُوا الْخَيْرَاتِ إِلَى اللَّهِ مَرْجِعُكُمْ جَمِيعًا فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ. وَأَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَنْ يَفْتِنُوكَ عَنْ بَعْضِ مَا أَنْزَلَ اللَّهُ إِلَيْكَ فَإِنْ تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ اللَّهُ أَنْ يُصِيبَهُمْ بِبَعْضِ ذُنُوبِهِمْ وَإِنَّ كَثِيرًا مِنَ النَّاسِ لَفَاسِقُونَ. أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ.

অর্থ: "আর আমি তোমার প্রতি কিতাব নাযিল করেছি যথাযথভাবে যা এর পূর্বের কিতাবের সত্যায়নকারী ও এর উপর তদারককারীরূপে। সুতরাং আল্লাহ যা নাযিল করেছেন, তুমি তার মাধ্যমে ফয়সালা কর এবং তোমার নিকট যে সত্য এসেছে, তা ত্যাগ করে তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। তোমাদের প্রত্যেকের জন্য আমি নির্ধারণ করেছি শরীয়ত ও স্পষ্ট পন্থা। আল্লাহ যদি চাইতেন, তবে তোমাদেরকে এক উম্মত বানাতেন। কিন্তু তিনি তোমাদেরকে যা দিয়েছেন, তাতে তোমাদেরকে পরীক্ষা করতে চান। সুতরাং তোমরা ভালো কাজে প্রতিযোগিতা কর। আল্লাহরই দিকে তোমাদের সবার প্রত্যাবর্তনস্থল। অতঃপর তিনি তোমাদেরকে অবহিত করবেন, যা নিয়ে তোমরা মতবিরোধ করতে। আর তাদের মধ্যে তার মাধ্যমে ফয়সালা কর, যা আল্লাহ নাযিল করেছেন এবং তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। আর আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তার কিছু থেকে তারা তোমাকে বিচ্যুত করার ব্যাপারে তাদের থেকে তুমি সতর্ক থাকো। অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে জেনে রাখ যে, আল্লাহ তো কেবল তাদেরকে তাদের কিছু পাপের কারণেই আযাব দিতে চান। আর মানুষের অনেকেই ফাসিক। তারা কি তবে জাহিলিয়্যাতের বিধান চায়? আর নিশ্চিত বিশ্বাসী কওমের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে কে অধিক উত্তম?" (সূরা মায়েদা ৫, আয়াত ৪৮-৫০)

اتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ وَالْمَسِيحَ ابْنَ مَرْيَمَ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا إِلَهًا وَاحِدًا لَا إِلَهَ إِلَّا هُوَ سُبْحَانَهُ عَمَّا يُشْرِكُونَ.

অর্থ: "তারা আল্লাহকে ছেড়ে তাদের সমাজ পতিগণ ও সংসার-বিরাগীদের রব হিসেবে গ্রহণ করেছে এবং মারইয়ামপুত্র মাসীহকেও। অথচ তারা এক ইলাহের ইবাদত করার জন্যই আদিষ্ট হয়েছে, তিনি ছাড়া কোন (হক) ইলাহ নেই। তারা যে শরীক করে তিনি তা থেকে পবিত্র।" (সূরা তাওবা ৯, আয়াত ৩১)

وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ.

অর্থ: "এবং শয়তানরা তাদের বন্ধুদেরকে প্ররোচনা দেয়, যাতে তারা তোমাদের সাথে বিবাদ করে। আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে নিশ্চয় তোমরা মুশরিক।" (সূরাআন'আম ০৬ঃ আয়াত ১২১)

ذَلِكَ بِأَنَّهُمْ كَرِهُوا مَا أَنْزَلَ اللَّهُ فَأَحْبَطَ أَعْمَالَهُمْ.

অর্থ: "তা এজন্য যে, আল্লাহ যা নাযিল করেছেন তারা তা অপছন্দ করে। অতএব তিনি তাদের আমলসমূহ বিনষ্ট করে দিয়েছেন।" (সূরা মুহাম্মাদ ৪৭ঃ আয়াত ০৯)

إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَى أَدْبَارِهِمْ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمْلَى لَهُمْ.

অর্থ: "নিশ্চয় যারা হিদায়াতের পথ সুস্পষ্ট হওয়ার পর তাদের পৃষ্টপ্রদর্শনপূর্বক মুখ ফিরিয়ে নেয়, শয়তান তাদের কাজকে চমৎকৃত করে দেখায় এবং তাদেরকে মিথ্যা আশা দিয়ে থাকে।" (সূরা মুহাম্মাদ ৪৭, আয়াত ২৫)

ذَلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ.

অর্থ: "এটি এ জন্য যে, আল্লাহ যা নাযিল করেছেন তা যারা অপছন্দ করে। তাদের উদ্দেশ্যে, তারা বলে, 'অচিরেই আমরা কতিপয় বিষয়ে তোমাদের আনুগত্য করব'। আল্লাহ তাদের গোপনীয়তা সম্পর্কে অবহিত রয়েছেন।" (সূরা মুহাম্মাদ ৪৭ঃ আয়াত ২৬)

وَيَقُولُونَ آمَنَّا بِاللَّهِ وَبِالرَّسُولِ وَأَطَعْنَا ثُمَّ يَتَوَلَّى فَرِيقٌ مِنْهُمْ مِنْ بَعْدِ ذَلِكَ وَمَا أُولَئِكَ بِالْمُؤْمِنِينَ.

অর্থ: "তারা বলে, 'আমরা আল্লাহ ও রাসূলের প্রতি ঈমান এনেছি এবং আমরা আনুগত্য করেছি', তারপর তাদের একটি দল মুখ ফিরিয়ে নেয়। আর তারা সত্যিকার মুমিন নয়।" (সূরা নূর ২৪, আয়াত ৪৭)

এই আয়াতগুলো উপরোল্লেখিত তাগুতের শাসক ও বিচারকদের কাফের হওয়ার জন্যে যথেষ্ট। সুতরাং এই মাসআলাটি একটি আয়াতের মাঝেই সীমাবদ্ধ নয়, যেমনটি কিছু লোক করে থাকে, আয়াতটি হল-

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ.

অর্থ: "আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই কাফির।" (সূরা মায়েদা ৫, আয়াত ৪৪)

এই আয়াতের তাফসীর ও এর দলিল প্রমাণের ক্ষেত্রে ও তার শানে নুযুলের ক্ষেত্রে অতিরিক্ত বিতর্ক হওয়ার কারণে, তাদের ভাব দেখে মনে হয় যেন এই মাসআলার ক্ষেত্রে কুরআন ও সুন্নাহর মাঝে এই আয়াত ব্যতীত আর কোন দলিল নেই।

সুতরাং ঐ সমস্ত শাসক ও বিচারক, যারা আল্লাহর নাযিলকৃত বিধান দিয়ে বিচার ফায়সালা করে না, তাদের কুফুর হবে বড় কুফুর, ছোট কুফুর নয়।

আল্লাহ তা'আলা আমাদেরকে তাগুতকে বর্জন করার ও তাগুতের বিরুদ্ধে জিহাদ করার তাওফীক দান করুন। আমীন।

'বিজয়ের' স্বপ্নে পরাজিত তারুণ্য

-আবূ উমায়ের খান

সমাজের আজকের তরুণ-যুবকদের স্বপ্ন কি? তাদের কাঙ্খিত লক্ষ্য কোন টি? কি হতে চায় তারা?

হ্যাঁ, তাদের কিছু লক্ষ্য আছে। কিছু চাওয়া আছে। আছে কিছু স্বপ্ন। বিজয়ের স্বপ্ন।

কেউ স্বপ্ন দেখে ভালো গায়ক হবার। নোলক, সোনিয়া, বিউটির মতো গান গেয়ে দর্শক নন্দিত ক্লোজআপ ওয়ান হওয়ার। কেউ আবার স্বপ্ন দেখে নায়ক হওয়ার। কেউ হতে চায় লাক্স চ্যানেল আই সুন্দরী প্রতিযোগীতার ষ্টার। হলে হলে তার ছবি চলবে, দর্শক তাকে দেখলে ভীড় করে অটোগ্রাফ চাইবে। ক্যামেরার ঝলক সূর্যের আলোকে ম্লান করবে। ইত্যাদি ইত্যাদি।

এর বাইরে ব্যতিক্রমী বিজয়ের গল্পও আছে। এভারেষ্টে সর্বপ্রথম বাংলাদেশী হিসেবে মূসা ইব্রাহীম নামক এক বাংলাদেশী যুবকের আরোহন এবং এভারেষ্ট বিজয়ের কাহিনী দেখে পুরো দেশ যেন হুমড়ি খেয়ে পড়েছিলো তাকে নিয়ে। সংবর্ধনা দিতে শুরু হয়েছিলো হুলুস্থুল। এনিয়ে সারা দেশ প্রায় কয়েক মাস মূসা জ্বরে আক্রান্ত ছিলো।

আর এই ফালতু ইস্যুকে জনগণের মাঝে প্রচার করা এবং মাসাধিককাল যাবত তাকে জিঁইয়ে রাখার অনবদ্য (?) কর্মটি সাধন করেন আমাদের দেশের সুশীল সমাজ বলে পরিচিত, সাম্রাজ্যবাদের একনিষ্ঠ দোসর, চিহ্নিত একটি কর্পোরেট মিডিয়া। তার সেই কল্পিত বিজয়ের সূত্র ধরে এরপরে আরো অনেকেই এভারেষ্ট মুখী হয়েছেন। বছর খানেকের ব্যবধানে দ্বিতীয় বাংলাদেশী তরুণ হিসেবে এভারেষ্টের চূড়ায় উঠেন এম এ মুহিত নামক আরেক যুবক। এরপর কিছুদিন আগে এক মহিলাও ঘুরে এসেছেন সেই তীর্থস্থান (!)।

এর বাইরেও আমাদের যুব-তরুণদের সামনে তুলে ধরা কল্পিত বিজয়ের আরো অনেক স্বপ্ন আছে। যার মধ্যে ক্রিকেট খেলা অন্যতম। ক্রিকেটে আমাদের সোনার ছেলেরা একটি দেশকে পরাজিত করতে পারলে পুরো দেশ সেই বিজয়ের জ্বরে কিভাবে আক্রান্ত হয়, তার দৃষ্টান্ত আমরা অতীতে দেখেছি বাংলাদেশের ক্রিকেট টীম কর্তৃক অন্য দেশকে হারানোর সময়। যুব-তরুণদের মধ্যকার এই ক্রেজকে আরো শত-সহস্র গুন বাড়িয়ে দেয়ার মহান দায়িত্ব (?) পালন করে যাচ্ছেন আমাদের দেশে একচেটিয়া ব্যবসা করা বিভিন্ন বহুজাতিক কোম্পানী গুলো।

মাল্টিন্যাশনাল কোম্পানী ও কর্পোরেট মিডিয়াগুলো ভালো নায়ক, গায়ক, অভিনয় শিলী, সুন্দরী প্রতিযোগীতায় বিজয়ী হওয়া, ভালো ক্রিকেটার হওয়া, এভারেষ্টের চূড়ায় ওঠার মতো ঠুনকো বিষয়াবলীকে আমাদের আজকের তরুণ-যুবকদের সামনে তাদের জীবনের সাফল্যের মানদন্ড নির্ধারণ করে দিচ্ছে।

